নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫



দৈনিক
# চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
বুধবার
রেজিঃ নং-চ-৫১৩
২৩ সেপ্টেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫০
৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১০ রবিঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com


## জাতিসংঘ অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিলেন প্রধানমন্ত্রী

দিগন্ত ডেস্ক

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।
নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে মঙ্গলবার স্থানীয় সময় সকালে অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানদের সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রীও অংশ নেন। এর আগে জাতিসংঘ ● ২-এর পাতায় দেখুন

# দেশ কাঁপাচ্ছে নানা ধরনের ভাইরাস জ্বর

দিগন্ত ডেস্ক

দেশ কাঁপাচ্ছে নানা ধরনের ভাইরাস জ্বর। জ্বরের রোগীতে হাসপাতালে ঠাঁই নেই অবস্থা। কিন্তু দিন দিন রোগীর সংখ্যা বেড়েই চলেছে। বর্তমানে ডেঙ্গু, হাম ও ইনফ্লুয়েঞ্জার সংক্রমণ বাড়ছেই। গত আগস্ট মাসের প্রথম সপ্তাহে ঢাকা শিশু হাসপাতালে গড়ে ২৫০ থেকে ২৭০ জন রোগী এলেও সেপ্টেম্বরে বেড়ে ৪৫০ থেকে ৪৬০ দাঁড়িয়েছে। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, দেশে বড় ধরনের ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। বর্তমানে হাসপাতালে জ্বরাক্রান্ত রোগীর মাত্র ৫ শতাংশ ভর্তি রয়েছে। সেপ্টেম্বরের পর সাধারণত ইনফ্লুয়েঞ্জার সংক্রমণ কমার সম্ভাবনা থাকলেও ডেঙ্গু, হাম ও অন্যান্য ভাইরাসের সংক্রমণ একসঙ্গে চলায় সামগ্রিক জ্বরের চাপ দ্রুত কমার কোনো সম্ভাবনা নেই। পরিস্থিতি এমন যে, বর্তমানে জ্বরকে আর সাধারণ জ্বর ধরে নেয়ার সুযোগ নেই। কারণ একই জ্বরের আড়ালে থাকতে পারে তিন ভাইরাস কিংবা আরো একাধিক সংক্রমণ। স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।
সংশ্লিষ্ট সূত্র মতে, বর্তমানে মানষের দেহে একই সময়ে একাধিক ভাইরাস শনাক্ত হচ্ছে। ডেঙ্গু, হাম, ইনফ্লুয়েঞ্জা, চিকুনগুনিয়া, রেসপিরেটরি সিনসাইটিয়াল ভাইরাস (আরএসভি) ও অন্যান্য শ্বাসতন্ত্রের সংক্রমণের প্রভাবে চারদিকে দেখা দিচ্ছে জ্বর। এ অবস্থায় জ্বরকে আর সাধারণ উপসর্গ ● ২-এর পাতায় দেখুন



মতলবে সড়ক দুর্ঘটনায় নিহত অটোরিকশা চালক।

## মতলবে সড়ক দুর্ঘটনায় অটোরিকশা চালক নিহত

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণে অটোরিকশা দুর্ঘটনায় রিকশাটির চালক ছিদ্দিক মিয়াজী (৪৮) নিহত হয়েছেন। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার নওগাঁও এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত ছিদ্দিক মিয়াজী উপজেলার মধ্য নওগাঁও গ্রামের আব্বাস মিয়াজী ও মানিকজান বেগম দম্পতির ছেলে।
পরিবার, পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, মঙ্গলবার দুপুর ১টার দিকে নিজের অটোরিকশা চালিয়ে ছিদ্দিক মিয়াজী তার বাড়ির পাশে নওগাঁও আড়ংবাজার থেকে উপজেলার নওগাঁও এলাকার হাজী মার্কেটের দিকে যাচ্ছিলেন। এ সময় তার অটোরিকশায় কোনো যাত্রী ছিল না। নওগাঁও সেতু এলাকায় পৌঁছালে আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে অটোরিকশাটি উল্টে যায় এবং সড়কের পাশে জলাবদ্ধ জমিতে পড়ে যায়। এতে গুরুতর আহত হন চালক ছিদ্দিক মিয়াজী। খবর পেয়ে স্বজন ও স্থানীয় লোকজন সেখান থেকে উদ্ধার করে মতলব দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা ● ২-এর পাতায় দেখুন

## শাহরাস্তিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে চতুর্থ শ্রেণির ছাত্রের মৃত্যু

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মো. আদনান হোসেন নামে চতুর্থ শ্রেণির এক স্কুলছাত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) আনুমানিক সকাল ১১টা থেকে ১২টার মধ্যে উপজেলার টামটা উত্তর ইউনিয়নের ইছাপুরা এলাকায় নিজ বাড়িতে এ দুর্ঘটনা ঘটে।
নিহত মো. আদনান হোসেন ইছাপুরা মেহের বাড়ির মো. মালেকের ছেলে। দুই বোন ও দুই ভাইয়ের মধ্যে সে ছিল তৃতীয়। আদনান ইছাপুরা পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী ছিল।
পরিবারের ভাষ্যমতে, মঙ্গলবার সকালে আদনান তার বাবার সঙ্গে মাঠে কাজ করতে যায়। পরে স্কুলের সময় হওয়ায় তার বাবা তাকে বাড়িতে চলে যেতে বলেন। আদনান বাড়িতে ফিরে গোসল করে প্যান্ট পরলেও ভেজা লুঙ্গিটি কাঁধে রেখেছিল। এরপর ভেজা লুঙ্গি ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর-লক্ষ্মীপুর আঞ্চলিক মহাসড়কে ফরিদগঞ্জে মুখোমুখি সংঘর্ষে দুমড়েমুচড়ে যাওয়া সিএনজি অটোরিকশা ও আনন্দ বাসের একাংশ। ইনসেটে আহত সিএনজি চালক।

## ফরিদগঞ্জে আনন্দ বাস ও সিএনজির মুখোমুখি সংঘর্ষ, আহত ৩

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে যাত্রীবাহী আনন্দ পরিবহন বাস ও সিএনজিচালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে সিএনজি চালক ও দুই নারী যাত্রীসহ তিনজন গুরুতর আহত হয়েছে।
মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর-লক্ষ্মীপুর আঞ্চলিক মহাসড়কের ফরিদগঞ্জ উপজেলার গৃদকালিন্দিয়া বাজারের দক্ষিণ পাশে চাড়ুয়া মসজিদ এলাকায় এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় গুরুতর আহতরা হলেন- সিএনজিচালিত অটোরিকশার চালক তাজুল ইসলাম কালু (৪০), সিএনজি আরোহী সালমা আক্তার (১৯) ও মেহজাবিন আক্তার (২২)। আহত সিএনজিচালক তাজুল ইসলাম কালু উপজেলার রূপসা উত্তর ইউনিয়নের রুস্তমপুর গ্রামের দয়াগাজী বাড়ীর আব্দুল হানিফের ছেলে, সালমা আক্তার কাছিয়াড়া এলাকার ইয়াসিন খানের ● ২-এর পাতায় দেখুন

## চাঁদপুরে বাড়ছে ডেঙ্গুর প্রকোপ, রোগীর চাপে মেঝেতে চিকিৎসা

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে ডেঙ্গু পরিস্থিতির ক্রমেই অবনতি হচ্ছে। জেলার বিভিন্ন হাসপাতালে প্রতিদিনই বাড়ছে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা। শিশুদের পাশাপাশি বিভিন্ন বয়সী মানুষ এ মশাবাহিত রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হচ্ছেন।
মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল




হাসপাতালে সরেজমিন দেখা যায়, রোগীর অতিরিক্ত চাপ সামলাতে হিমশিম খাচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। নির্ধারিত শয্যা খালি না থাকায় অনেক ডেঙ্গু রোগীকে ওয়ার্ডের ঠান্ডা মেঝেতে বিছানা পেতে চিকিৎসা নিতে দেখা গেছে। সিভিল সার্জন কার্যালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় পুরো জেলায় নতুন করে ৪৪ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছরের শুরু থেকে রোববার পর্যন্ত জেলায় মোট ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ৮৭ জনে। রোগীর চাপ বাড়লেও হাসপাতালে ওষুধের কোনো সংকট নেই বলে ● ২-এর পাতায় দেখুন

## ফরিদগঞ্জে সাবেক যুবলীগ নেতা গ্রেপ্তার

ফরিদগঞ্জ প্রতিনিধি



ফরিদগঞ্জে আওয়ামীলীগ বিরোধী পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ফরিদগঞ্জ উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক ও সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক আহ্বায়ক মুরাদ হোসেন পাটওয়ারীকে গ্রেপ্তার করা হয়েছে।
সোমবার (২১ সেপ্টেম্বর) রাতে উপজেলা সদরের ব্যস্ততম ফরিদগঞ্জ চৌরাস্তা এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করে থানা পুলিশ।
পুলিশ সূত্রে জানা গেছে, সাবেক যুবলীগ নেতা মুরাদ হোসেন পাটওয়ারীকে সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলা আটক দেখিয়ে মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে আদালতে প্রেরণ করা হয়েছে।
এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোঃ এরশাদ উল্লাহ বলেন, উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে হেলে পড়া ঝুঁকিপূর্ণ পিলার মেরামত।

## চাঁদপুরে হেলে পড়া ঝুঁকিপূর্ণ পিলার মেরামত

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের ব্যস্ততম সড়ক ট্রাক রোড এলাকায় দারুস সালাম মসজিদের পাশে হেলে পড়া ঝুঁকিপূর্ণ পিলারটি মেরামত করেছে বিদ্যুৎ কর্তৃপক্ষ।
জানা যায় উক্ত স্থানে পৌরসভার ড্রেন নির্মাণের কাজ চলছিল। ড্রেন নির্মাণ কাজের সময় বিদ্যুতের পিলারটি ঝুঁকিপূর্ণ অবস্থায় সামনের দিকে হেলে পড়ে। ফলে উক্ত এলাকার লোকজন আতঙ্কিত হয়ে পড়ে। এই রাস্তা দিয়ে প্রতিদিন শত শত যানবাহন চলাচল করে এছাড়া আশেপাশে বেশ কিছু ব্যবসা প্রতিষ্ঠান সহ বড় বড় বিল্ডিং সহ ঘরবাড়ি রয়েছে। দীর্ঘদিন যাবত উক্ত পিলারটি হেলে পড়ার কারণে মানুষের মধ্যে ভয়ের সৃষ্টি হয়।
ফলে এলাকার লোকজন নতুন বাজার বিদ্যুৎ অফিসে গিয়ে অভিযোগ দায়ের করেন। দীর্ঘদিন পর হল গতকাল বিদ্যুৎ অফিস কর্তৃপক্ষ হাইড্রোলিক ক্রেন এর মাধ্যমে উক্ত হেলে পড়া বৈদ্যুতিক পিলারটি মেরামতের কাজ করা হয়।
এ ব্যাপারে এলাকার মহিউদ্দিন নামের ● ২-এর পাতায় দেখুন



বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদ চাঁদপুর জেলা শাখার সভায় উপস্থিত নেতৃবৃন্দ।

## আদর্শ শিক্ষক পরিষদ চাঁদপুর শাখার সভা অনুষ্ঠিত

শহর প্রতিনিধি

বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদ চাঁদপুর জেলা শাখার সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় শহরের স্থানীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়।
বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদ চাঁদপুর জেলা শাখার সহ-সভাপতি জাহাঙ্গীর আলম প্রধানের সভাপতিত্বে ও জেলা সেক্রেটারি অধ্যক্ষ মো: হারুন আর রশিদের পরিচালনায় সভায় উপস্থিত ছিলেন জেলা নির্বাহী কমিটি এবং উপজেলা ফেডারেশন নেতৃবৃন্দ।
সভায় বৃত্তি প্রকল্প, ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামীদিনে নিয়মতান্ত্রিকভাবে বিদ্যালয়ে পাঠদান, পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার চেষ্টা করবেন। বৈঠকে ● ২-এর পাতায় দেখুন

## শাহরাস্তিতে অবৈধভাবে মাটি উত্তোলনে ২ লাখ টাকা জরিমানা, ৩ ড্রেজার অকেজো

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলার চিতোষী পশ্চিম ইউনিয়নে অনুমোদন ছাড়া ড্রেজার দিয়ে কৃষিজমির টপসয়েল (উপরিভাগের মাটি) কাটার দায়ে মো. রাজু (২২) গংকে ২ লাখ টাকা অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।
মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার চিতোষী পশ্চিম ইউনিয়নের বিভিন্ন এলাকায় এ মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়।
অভিযানে অনুমোদনহীন ড্রেজারের মাধ্যমে মাটি ও বালু উত্তোলনের সত্যতা পাওয়া যায়। কৃষিজমির টপসয়েল কেটে মাটি উত্তোলনের অপরাধে অভিযুক্ত মো. রাজু (২২) গং, সাং- রায়শ্রী উত্তরকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০-এর ১৫(১) ধারায় ২ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।
এ সময় মনোহরপুর এলাকায় অবৈধভাবে মাটি উত্তোলনে ব্যবহৃত ৩টি ড্রেজার অকেজো করা হয়। এছাড়া নরিংপুর এলাকা থেকে অবৈধভাবে মাটি উত্তোলনের কাজে ব্যবহৃত প্রায় ১ হাজার ৫০০ ফুট ● ২-এর পাতায় দেখুন




চাঁদপুরে চক্ষু রোগের বিশেষজ্ঞদের নিয়ে বৈজ্ঞানিক সেমিনার।

## চাঁদপুরে চক্ষু রোগের বিশেষজ্ঞদের নিয়ে বৈজ্ঞানিক সেমিনার

শহর প্রতিনিধি

দৃষ্টিশক্তির যত্ন নেওয়া, চশমার ব্যবস্থাপত্র দেওয়া বা চোখের রোগের চিকিৎসার ক্ষেত্রে বিশেষজ্ঞ অপটোমেট্রিস্টদের অংশগ্রহনে চাঁদপুরে বিভাগীয় সাংগঠনিক পরিকল্পনা ও বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর শহরের চেয়ারম্যানঘাট ইউরেশিয়া হোটেল এণ্ড কনভেনশন হলে সেমিনারের আয়োজনে করে বাংলাদেশ অপ্টোমেট্রিক সোসাইটির (বিওএস) চাঁদপুর, কুমিল্লা, নোয়াখারী ও লক্ষ্মীপুর বিভাগ।
এতে প্রধান অতিথির বক্তব্য দেন মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতালের চীফ কনসালটেন্ট ডা. মো. আনোয়ার হোসাইন শেখ। বিশেষ অতিথির বক্তব্য দেন মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট ডা. মো. রাশেদুর রহমান ● ২-এর পাতায় দেখুন

## আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস আজ

দিগন্ত ডেস্ক

আন্তর্জাতিক ইশারা ভাষা বা সংকেত ভাষা দিবস আজ (২৩ সেপ্টেম্বর)। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালিত হচ্ছে।
প্রতিবছর ২৩ সেপ্টেম্বর এই দিবস পালিত হয়। সেই সঙ্গে ইশারা সপ্তাহ উদযাপনেরও সূচনা করা হয়। ২০১৮ সালে থেকে দিনটির প্রথম উদযাপন শুরু হয়।
পৃথিবীতে প্রায় সাত কোটির বেশি বধির মানুষ রয়েছে, যার মধ্যে ৮০ শতাংশেরও বেশি উন্নয়নশীল দেশগুলোতে বাস করেন। তাই এক্ষেত্রে সাংকেতিক ভাষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ৮০ শতাংশের মানুষের মধ্যে মাত্র ২ শতাংশ সাংকেতিক ভাষা ব্যবহার করতে পারেন, যা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। ● ২-এর পাতায় দেখুন




দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে চাঁদপুর জেলা যুবদলের বিক্ষোভ মিছিল।

### দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে

## চাঁদপুর জেলা যুবদলের বিক্ষোভ সমাবেশ ও মিছিল

স্টাফ রিপোর্টার

দেশব্যাপী পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে চাঁদপুরে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে জেলা যুবদল। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে মিছিলপূর্ব সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।
সমাবেশে সভাপতির বক্তব্যে চাঁদপুর জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক বলেন, ফ্যাসিস্ট হাসিনা সরকারের সন্ত্রাসী বাহিনী চাঁদপুরের মাটিতে কোনো ধরনের অরাজকতা সৃষ্টির চেষ্টা করলে জেলা যুবদল তা প্রতিহত করবে। এ জন্য আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে।
তিনি আরো বলেন, বাংলাদেশের মধ্যে এটিই প্রথম একই পরিবারের ৩ জন জাতিসংঘে বক্তব্য রাখেন। চাঁদপুর জেলা ● ২-এর পাতায় দেখুন

## মতলব উত্তরের 'জলবিলাস' ও 'হাওয়া বদল' হোটেলের কার্যক্রম বন্ধের নির্দেশ

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার ষাটনল লঞ্চঘাটে মেঘনা নদীর তীরে অবৈধভাবে গড়ে উঠা জলবিলাস নামে একটি হোটেল এবং নির্মানাধীন আরেকটি হোটেল কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ দিয়েছে পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়।
মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে ঘটনাস্থল পরিদর্শন করেন পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের উপ-পরিচালক মোঃ মিজানুর রহমান, পরিদর্শক শরমিতা আহমেদ লিয়াসহ কর্মকর্তারা।
এ সময় জল বিলাস ও নির্মাণাধীন হাওয়া বদল নামে আরেকটি হোটেলের মালিকপক্ষের সাথে কথা বলেন পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তারা।
পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের উপপরিচালক মোঃ মিজানুর রহমান বলেন, নদী তীরে হোটেল চলমান এবং নির্মাণ হচ্ছে এমন শিরোনামে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশ হওয়ার পর বিষয়টি নজরে আসে। এই দুই হোটেলের মালিক পরিবেশ অধিদপ্তরের কোন ছাড়পত্র নেয়নি। যদিও তারা দাবী করছে এই সম্পত্তি তাদের। তারপরও বিষয়টি স্থানীয় উপজেলা প্রশাসন এবং জেলা প্রশাসনের সাথে আলোচনা করে পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, আমরা প্রাথমিক পর্যায়ে দুই হোটেলের মালিককে তাদের কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ ● ২-এর পাতায় দেখুন

## ইতিহাসে ২৩ সেপ্টেম্বর

১৬২০ সালে তুরস্কের কাছে যুদ্ধে পরাজিত হয় পোল্যান্ড। ১৮৪৬ সালে নেপচুন, অষ্টম গ্রহ, আবিষ্কৃত হয়েছিল। ১৯১৮ সালে প্রথম বিশ্বযুদ্ধঃ বর্তমান ইসরায়েলের হাইফাতে হাইফার যুদ্ধ সংঘটিত হয়, যা তখন উসমানীয় সাম্রাজ্যের অংশ ছিল। ১৯৩২ সালে সৌদী আরব প্রতিষ্ঠিত হয় এবং আব্দুল আযিয বিন সৌদ দেশটির বাদশাহ হিসাবে ক্ষমতায় অধিষ্ঠিত হন। ১৯৪৯ সালে সোভিয়েত ইউনিয়ন সর্বপ্রথম পারমাণবিক বিস্ফোরণ ঘটায়। এইদিন,আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস বা আন্তর্জাতিক সংকেত ভাষা দিবস পালিত হয়।


স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪


# আমদানি ব্যয় ও ভর্তুকির চাপ সামলাতে জ্বালানি তেলের মূল্য সমন্বয়

নিজস্ব প্রতিবেদক

আন্তর্জাতিক বাজারের চাপ ও ভর্তুকি নিয়ন্ত্রণে সম্প্রতি সরকার জ্বালানি তেলের মূল্য সমন্বয় করেছে। এর আগে দেশের বাজারে তুলনামূলক কম দামে জ্বালানি তেল বিক্রি অব্যাহত রাখায় বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) লোকসান এবং সরকারের ভর্তুকির চাপ উল্লেখযোগ্যভাবে বেড়েছিল।
মধ্যপ্রাচ্যে সংঘাতের কারণে হরমুজ প্রণালীতে জাহাজ চলাচল কমে যাওয়ায় দেশের আমদানিকৃত জ্বালানির ওপর ব্যাপকভাবে প্রভাব পড়েছে। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম, পরিবহন ও বীমা ব্যয় অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ায় আমদানি ব্যয়ের ওপর চাপ তৈরি হয়েছে। একই সঙ্গে ভর্তুকির চাপ নিয়ন্ত্রণের মাধ্যমে জ্বালানি তেল, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ স্বাভাবিক এবং সামাজিক সুরক্ষা কর্মসূচিতে সরকারি অর্থের ব্যবহার অব্যাহত রাখার বিষয়টিও বিবেচনায় নেওয়া হয়েছে। এ পরিস্থিতিতে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখা, বিপিসির আর্থিক সক্ষমতা বজায় রাখা এবং বৈদেশিক মুদ্রায় আমদানি করা জ্বালানি তেল প্রতিবেশী দেশে পাচারের ঝুঁকি কমাতে সরকার মূল্য সমন্বয়ের সিদ্ধান্ত নিয়েছে। নতুন সমন্বয়ের ফলে ডিজেলের মুল্য লিটার প্রতি ১১৫ টাকা থেকে বেড়ে ১৩৫ টাকা, অকটেন ১৪৫ টাকা থেকে ১৬৫ টাকা, পেট্রোল ১৪০ টাকা থেকে ১৬০ টাকা এবং কেরোসিন ১৩৫ টাকা থেকে ১৫৫ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন মূল্য ২১ সেপ্টেম্বর থেকে কার্যকর হয়েছে।
জ্বালানি বিভাগের তথ্য অনুযায়ী, চলতি বছরের মার্চ-আগস্ট পর্যন্ত ছয় মাসে বিপিসির লোকসান হয়েছে প্রায় ২২ হাজার ৮৭৫ কোটি ৬৬ লাখ টাকা। আন্তর্জাতিক বাজারের বর্তমান দরের সঙ্গে পুরোপুরি সমন্বয় করা হলে ডিজেলের মুল্য লিটার প্রতি প্রায় ২০৫ টাকা হওয়ার কথা। তবে সাধারণ মানুষ, গণপরিবহন এবং সেচনির্ভর কৃষকের আর্থিক সক্ষমতার বিষয়টি বিবেচনায় নিয়ে সরকার এর চেয়ে অনেক কম দামে ডিজেল সরবরাহ করছে। ফলে মূল্য সমন্বয়ের পরও প্রতি লিটার ডিজেলে সরকারের পক্ষ থেকে প্রায় ৭০ টাকা ভর্তুকি দিতে হচ্ছে। অর্থাৎ, আন্তর্জাতিক বাজারের পুরো মূল্যভিত্তিক চাপ সরাসরি ভোক্তার ওপর না দিয়ে সরকার এখনো উল্লেখযোগ্য অংশ বহন করছে। এর আগে বিভিন্ন সময়ে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম দ্রুত বাড়লেও, জনস্বার্থ বিবেচনায় দেশের বাজারে তাৎক্ষণিকভাবে পুরোপুরি সমন্বয় করা হয়নি। ফলে বিপিসি অতীতে অর্জিত অতিরিক্ত অর্থ ব্যবহার করে দীর্ঘ সময় লোকসান সামাল দিতে সক্ষম হয়েছে।
আন্তর্জাতিক বাজারে অস্থিরতা:
সরকার জানিয়েছে, মধ্যপ্রাচ্যে চলমান আমেরিকা-ইসরাইল ও ইরান সংঘাতের কারণে হরমুজ প্রণালীতে জাহাজ চলাচল ব্যাপকভাবে কমে গেছে। দেশের আমদানিকৃত জ্বালানির ৭০ শতাংশ এবং বৈশ্বিক জ্বালানি সরবরাহের ২০ শতাংশ এ রুট দিয়ে পরিচালিত হয়।
একই সময়ে ইয়েমেনে হুথিদের সঙ্গে সংঘাত এবং বাব-এল-মান্দেব ঘিরে ● ২-এর পাতায় দেখুন


বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স

WALTON KONKA GREE AC কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।



বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে
১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ
৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE
মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বুধবার ২৩ সেপ্টেম্বর ২০২৬, ৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১০ রবি: সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

## প্রতি কিলোমিটারে বাস ভাড়া বাড়ল ১৭ পয়সা

দিগন্ত ডেস্ক

জ্বালানি তেলের দাম বাড়ানোর পর এবার বাসের ভাড়াও বাড়ানো হয়েছে। দূরপাল্লা ও মহানগর, দুই ধরনের বাসেই প্রতি কিলোমিটারে ১৭ পয়সা করে ভাড়া বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সড়ক পরিবহন মন্ত্রণালয়ে সংশ্লিষ্টদের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, দূরপাল্লার বাসে প্রতি কিলোমিটারে ভাড়া ২ টাকা ২৩ পয়সা থেকে বেড়ে ২ টাকা ৪০ পয়সা হয়েছে। ঢাকা ও চট্টগ্রাম মহানগরে চলাচলকারী বাস ও মিনিবাসে প্রতি কিলোমিটারে ভাড়া ২ টাকা ৫৩ পয়সা থেকে বেড়ে দাঁড়িয়েছে ২ টাকা ৭০ পয়সা।

জ্বালানি তেলের দাম বৃদ্ধির কারণে পরিবহন মালিকদের পরিচালন ব্যয় বেড়ে যাওয়ায় ভাড়া সমন্বয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর আগে প্রতি কিলোমিটারে ২০ পয়সা করে ৩-এর পাতায় দেখুন

# অপপ্রচারের ইস্যু ময়দান-মসজিদ নয় বরং জমি আত্মসাতের চেস্টা


বাগাদী ঈদগাহ ময়দানের সীমানা দেয়াল নির্মাণসহ সংস্কারকাজের চিত্র।

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর সদর উপজেলার বাগাদী ইউনিয়নের নিজগাছতলা আলহাজ্ব মাওলানা মো. সালামত উল্যাহ খান (রহ.) ঈদগাহ ময়দানসংলগ্ন একটি জায়গার মালিকানা, মসজিদ-মাদরাসা নির্মাণ এবং চলমান উন্নয়নকাজকে ঘিরে এলাকায় নতুন করে আলোচনা সৃষ্টি হয়েছে। এ নিয়ে একটি পক্ষ অপপ্রচার চালিয়ে ধর্মীয় অনুভূতিকে কাজে লাগিয়ে বাগাদী দরবারের পীরসাহেব পরিবার ও ঈদগাহ ময়দান সংশ্লিষ্টদের সম্মানহানি করার চেষ্টা করছে বলে অভিযোগ উঠেছে।

পীরজাদা মাওলানা মাহফুজ উল্যাহ খান দাবি করেন, ঈদগাহ ময়দানের পাশে কথিত জায়গাটির মূল মালিক সফিকুর রহমান শেখের কাছ থেকে টাকার বিনিময়ে পাওয়ার অব অ্যাটর্নির মাধ্যমে জায়গাটি তিনি পেয়েছেন। ২০২০ সালে ধর্মীয় কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে সেখানে নামাজের ঘর ও মাদরাসা প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হলেও সে সময় একটি পক্ষ বিভিন্নভাবে বাধা দেয় এবং পরবর্তীতে মসজিদ ও মাদরাসা উচ্ছেদ করা হয় বলে তার অভিযোগ।

তিনি আরও দাবি করেন, ওই সময় ময়দানের ইমাম হিসেবে দায়িত্ব পালন করা তার বাবা একেএম নেয়ামত উল্যাহ খানকে লাঞ্ছিত করে ময়দান থেকে অপসারণ করা হয়। পাশাপাশি নামাজের ঘরের মাইক, টিউবওয়েল ও ইমামের সাইকেল ৩-এর পাতায় দেখুন


বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে সম্মাননা স্মারক ও পুরস্কার তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ।

### ইছাপুরা উচ্চ বিদ্যালয়ে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

## স্মার্টফোন ছেড়ে খেলাধুলা ও ভালো কাজে যুক্ত হওয়ার আহ্বান

----ইউএনও মনিরা খাতুনের

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে ৮০ বছর পুরোনো বৃহত্তর টামটা উত্তর ইউপির প্রথম উচ্চ বিদ্যালয় ইছাপুরা উচ্চ বিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২১ সেপ্টেম্বর) সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ রিয়াজুল কুদ্দুসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন শাহরাস্তি উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মনিরা খাতুন। প্রধান অতিথির বক্তব্যে ইউএনও মনিরা খাতুন শিক্ষার্থীদের বাবা-মা ও শিক্ষকদের কথা মেনে চলার আহ্বান জানিয়ে বলেন, বাবা-মায়ের পর শিক্ষকরাই শিক্ষার্থীদের ভালো-মন্দ দেখার দায়িত্ব পালন করেন। তাই শিক্ষকদের অভিভাবকত্বে থেকে নিজেদের গড়ে তুলতে হবে। প্রতিদিন ঘুম থেকে উঠে আজ কী ভালো কাজ করা যায়, সে চিন্তা করতে হবে। ভালো কাজের অভ্যাস পরিবার থেকেই শুরু করতে হবে। তিনি বলেন, মাকে রান্নাঘরের কাজে ৩-এর পাতায় দেখুন

### ভুয়া ফেসবুক আইডিতে প্রচারণা ও হয়রানির দাবি

## কুমিল্লার চান্দিনায় সৌদি প্রবাসী আলী আশ্রাফকে ঘিরে অপপ্রচারের অভিযোগ

কচুয়া প্রতিনিধি

কুমিল্লার চান্দিনায় সৌদি আরব প্রবাসী ব্যবসায়ী মো. আলী আশ্রাফকে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুয়া ফেসবুক আইডি ব্যবহার করে অপপ্রচার ও ষড়যন্ত্রের অভিযোগ উঠেছে। একই সঙ্গে তাকে হয়রানি করতে উদ্দেশ্যপ্রণোদিতভাবে মামলা দায়ের করা হয়েছে বলেও দাবি করেছেন তিনি। এসব ঘটনায় নিজের ও পরিবারের নিরাপত্তা এবং ন্যায়বিচার নিশ্চিত করতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন এই প্রবাসী ব্যবসায়ী।


সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন সৌদি প্রবাসী আলী আশ্রাফ।

মঙ্গলবার দুপুরে চান্দিনা উপজেলার ১০নং গল্লাই ইউনিয়নের ৭নং ওয়ার্ডের পাঁচধারা সরকার বাড়িতে স্থানীয় গ্রামবাসীর উপস্থিতিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন মো. আলী আশ্রাফ।

সংবাদ সম্মেলনে আবেগাপ্লুত হয়ে আলী আস্রাফ বলেন, তিনি পাঁচধারা সরকার বাড়ির সুরুজ মিয়ার ছেলে। প্রায় ৩১ বছর আগে জীবিকার সন্ধানে সৌদি আরবের রিয়াদে পাড়ি জমান। দীর্ঘ প্রবাসজীবনে ব্যবসার পাশাপাশি বাংলাদেশি শ্রমিকদের সৌদি আরবে ৩-এর পাতায় দেখুন


শাহতলী কামিল মাদরাসার আয়োজনে অভিভাবক সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন মাদরাসা গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী?

### শাহতলী কামিল মাদরাসায় অভিভাবক সমাবেশ

## প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার করা নিষিদ্ধ

------চাঁদপুর প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী

সদর প্রতিবেদক

চাঁদপুর সদর উপজেলার ঐতিহ্যবাহী শাহতলী কামিল মাদরাসার আয়োজনে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ২২ সেপ্টেম্বর (মঙ্গলবার) সকাল ১০টায় মাদরাসা মিলনায়তনে মাদরাসার আধ্যক্ষ মাওলানা মোহাম্মদ বিলাল হোসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাদরাসা গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী? প্রধান অতিথি'র বক্তব্য মাদরাসা গভর্নিং বডির সভাপতি সোহেল রুশদী বলেন, আজকের অভিভাবক সমাবেশে অধিকসংখ্যক অভিভাবকের উপস্থিতির জন্য ধন্যবাদ জানাচ্ছি। এ মাদরাসা শতবছরের ঐতিহ্যবাহী মাদরাসা। ১৯০১ সালে হাজী ছমির উদ্দিন কারী ২-এর পাতায় দেখুন

## শাহরাস্তিতে শ্লীলতাহানির অভিযোগে মাদ্রাসা শিক্ষক আটক

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে এক শিশুকে শ্লীলতাহানির অভিযোগে আমিনুল ইসলাম (৬৪) নামে এক মাদ্রাসা শিক্ষককে আটক করেছে শাহরাস্তি মডেল থানা পুলিশ। তিনি ধর্মীয় ভিত্তিক একটি রাজনৈতিক দলের সক্রিয় কর্মী বলে স্থানীয়রা নিশ্চিত করেছেন।


অভিযুক্ত আমিনুল ইসলাম।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) তাকে যথাযথ পুলিশ স্কর্টের মাধ্যমে আদালতে সোপর্দ করা হয়েছে। পুলিশ ও অভিযোগ সূত্রে জানা গেছে, উপজেলার রায়শ্রী উত্তর ইউপির ৯ নম্বর ওয়ার্ডের উল্লাশ্বর (হাবিবউল্লাহ চেয়ারম্যান বাড়ি) এলাকায় শিশুটিকে প্রাইভেট পড়ানোর সময় বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শন, মারধরের হুমকি ও শারীরিকভাবে নির্যাতনের অভিযোগ ওঠে আমিনুল ইসলামের বিরুদ্ধে। তিনি ওই এলাকার মৃত হাসান আহাম্মেদের পুত্র।

শিশুটির পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ করা হলে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ১০ ধারায় নিয়মিত মামলা করা হয়। পরে ওসি মীর মাহবুবুর রহমানের দিকনির্দেশনায় এসআই (নিঃ) মো. আইয়ুব খান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে আমিনুল ইসলামকে আটক করেন।

পরিবার সূত্রে জানা যায়, শিশুটি প্রায় দুই বছর ধরে ওই শিক্ষকের কাছে প্রাইভেট পড়ছিল। গত তিন-চার মাস ৩-এর পাতায় দেখুন



হাজীগঞ্জে মাদক বিরোধী ফুটবল টুর্নামেন্ট।

## হাজীগঞ্জে মাদকবিরোধী ফুটবল টুর্ণামেন্টের পুরস্কার বিতরণ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে মাড়কি বন্ধু মহলের আয়োজনে মাদক বিরোধী মিনিবার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ করা হয়েছে। সোমবার কালচোঁ উত্তর ইউনিয়নের মাড়কি পূর্বপাড়া মিয়াজী বাড়ি বালুর মাঠে অনুষ্ঠিত খেলায় ১-০ গোলে চ্যাম্পিয়ন হয়েছে নিউ মেডিনোভা একাদশ ও রানারআপ নাঈম মজুমদার স্কোয়াড। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের খেলোয়াড়দের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেন, মাড়কি বন্ধু মহলের সভাপতি, নিউ মেডিনোভা ডিজিটাল মেডিকেল সেন্টারের ব্যবস্থাপনা পরিচালক ডা. মহিবুল ৩-এর পাতায় দেখুন


মান্দারী ফাজিল ডিগ্রি মাদ্রাসার আলিম প্রথম বর্ষের শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করছেন মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা নেছার আহমাদ।

## মান্দারী ফাজিল ডিগ্রি মাদ্রাসার আলিম শিক্ষার্থীদের নবীন বরণ

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ঐতিহ্যবাহী ও শতবর্ষী বিদ্যাপীঠ মান্দারী ফাজিল ডিগ্রি মাদ্রাসায় চলতি শিক্ষা বর্ষে আলিম প্রথম বর্ষের শিক্ষার্থীদের নবীন বরণ ও ছবক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। গত ২২ সেপ্টেম্বর মঙ্গলবার ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও আনন্দঘন পরিবেশে উক্ত ৩-এর পাতায় দেখুন


শাহরাস্তিতে প্রধান শিক্ষকদের মতবিনিময় সভা।

## শাহরাস্তিতে শিক্ষার মানোন্নয়নে প্রধান শিক্ষকদের মতবিনিময়

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের পড়াশোনায় উৎসাহিত ও সহযোগিতা করার লক্ষ্যে উপজেলা ভিত্তিক একটি কমিটি অনুমোদন করা হয়েছে। পাশাপাশি এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শতভাগ কৃতকার্যের লক্ষ্যে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যালয়ভিত্তিক কমিটি গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। অনুমোদিত কমিটির মাধ্যমে নবম শ্রেণি থেকে এসএসসি ও এইচএসসি পর্যন্ত অধ্যয়নরত ২-এর পাতায় দেখুন



নজরুল বর্ষ উপলক্ষে অনুষ্ঠিত কুইজ প্রতিযোগতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ।

### নজরুল বর্ষ উপলক্ষে আলোচনা সভায় বক্তারা

## কবি নজরুলের রচনাবলী তৎকালীন সময়ে ভারতবর্ষে আলোড়ন সৃষ্টি করেছিল

শহর প্রতিনিধি

চাঁদপুর সাহিত্য একাডেমির পরিচালক মাইনুল ইসলাম মানিক বলেন, 'কবি নজরুলের রচনাবলী তৎকালীন সময়ে ভারতবর্ষে আলোড়ন সৃষ্টি করেছিল। লেখনির মাধ্যমে তিনি বিশ্বে এখনও বিদ্রোহী কবি,সাম্যের কবি হিসেবেই পরিচিত। সাম্য ও মানবতার বিষয়গুলো ফুটে উঠেছে তাঁর কবিতায়,গানে ও সঙ্গীতে। তাঁর লেখা প্রথম প্রকাশ পেয়েছিল ২-এর পাতায় দেখুন

## হাইমচরে যুবদলের বিক্ষোভ মিছিল

হাইমচর প্রতিনিধি

হাইমচরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে উপজেলা যুবদল। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেলে উপজেলা বিএনপি কার্যালয়ে আয়োজিত আলোচনা সভা শেষে একটি বিক্ষোভ মিছিল বের হয় যা আলগী বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান আখনের সভাপতিত্বে এবং যুগ্ম আহ্বায়ক জিএম ফজলুর রহমান আকাশের সঞ্চালনায় প্রতিবাদ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক হারুনুর রশিদ গাজী।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক সরদার আবু তাহের। অন্যান্যদের মধ্যে বক্তব্য ২-এর পাতায় দেখুন



দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে মতলব উত্তরে যুবদলের মিছিল।

### দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে

## মতলব উত্তরে যুবদলের মিছিল-সমাবেশ

মতলব উত্তর প্রতিনিধি

দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে এবং সরকার কর্তৃক নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মকাণ্ডের প্রতিবাদে মতলব উত্তরে মিছিল ও সমাবেশ করেছে উপজেলা যুবদল ও ছেংগারচর পৌর যুবদল। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেলে ছেংগারচর স্কুল মাঠ ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং: এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

## আঞ্চলিক ও এশিয়ার অনেক দেশের তুলনায় বাংলাদেশে ডিজেলের দাম কম

নিজস্ব প্রতিবেদক

সর্বশেষ সমন্বয়ের পর দেশে ডিজেলের দাম লিটারপ্রতি ২০ টাকা বেড়ে ১৩৫ টাকা হলেও আঞ্চলিক ও এশিয়ার অনেক দেশের তুলনায় বাংলাদেশে এখনো ডিজেলের দাম কম। পাশাপাশি উন্নত অনেক দেশের তুলনায়ও দেশে ডিজেলের খুচরা দাম উল্লেখযোগ্যভাবে কম রয়েছে।

আন্তর্জাতিক জ্বালানি মূল্যের তুলনামূলক তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান গ্লোবাল পেট্রোল প্রাইসেসের হিসাবে, প্রতি মার্কিন ডলারের বিনিময় হার ১২৩ টাকা ৬৫ পয়সা ধরে বাংলাদেশে লিটার প্রতি ১৩৫ টাকার ডিজেলের দাম দাঁড়ায় ১ দশমিক ০৯২ মার্কিন ডলার। এশিয়ার দেশগুলোর মধ্যে পাকিস্তানে প্রতি লিটার ডিজেলের দাম ১৮৫ টাকা ৪৮ পয়সা, ইন্দোনেশিয়ায় ১৭৭ টাকা ৮১ পয়সা, দক্ষিণ কোরিয়ায় ১৭৩ টাকা ২৩ পয়সা, ফিলিপাইনে ১৬৮ টাকা ৫৩ পয়সা, মিয়ানমারে ১৬৪ টাকা ৮৩ পয়সা, নেপালে ১৬১ টাকা ২৪ পয়সা এবং চীনে ১৪৬ টাকা ৭৭ পয়সা। অর্থাৎ এসব দেশগুলোর প্রতিটিতেই ডিজেলের দাম ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পত্তি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক ঃ আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ এম এ গফুর, মফস্বল সম্পাদক ঃ জি এম ফজলুর রহমান, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বুধবার ॥ ২৩ সেপ্টেম্বর ২০২৬

## সম্পাদকীয়

# জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি গোটা অর্থনীতিতেই অভিঘাত পড়বে

সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা যখন ধারাবাহিকভাবে কমছে, বেসরকারি খাতে বিনিয়োগে যখন ভাটা চলছে, তখন সব ধরনের জ্বালানি তেলের মূল্য লিটারে একলাফে ২০ টাকা বৃদ্ধির সিদ্ধান্ত গোটা অর্থনীতির ওপরই অভিঘাত সৃষ্টি করবে। কৌশলগত পণ্য জ্বালানি তেলের এই মূল্যবৃদ্ধির চাপ শুধু পরিবহন খাতেই সীমাবদ্ধ থাকবে না; খাদ্য, কৃষি, শিল্প ও সেবা–সব খাতেই ব্যয় বাড়বে। সাড়ে চার বছর ধরে ক্রমাগত প্রকৃত আয় খোয়াতে থাকা সাধারণ মানুষের ওপর নতুন মূল্যস্ফীতির বোঝা চাপবে। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হচ্ছে, জ্বালানির মূল্যবৃদ্ধির ফলে অর্থনৈতিক অভিঘাত ও মূল্যস্ফীতির নতুন চাপ সামাল দেওয়ার কৌশল কী, তা নিয়ে সরকারের অবস্থান পরিষ্কার নয়। মধ্যপ্রাচ্যে যুদ্ধ ও সংঘাতময় পরিস্থিতি বৈশ্বিক জ্বালানিবাজারকে যেভাবে অনিশ্চিত ও ঊর্ধ্বমুখী করে তুলেছে, তার মাশুল গোটা বিশ্বকেই দিতে হচ্ছে। আমদানিনির্ভর দেশ হিসেবে বাংলাদেশের ওপর এর প্রভাব স্বাভাবিকভাবেই বেশি। যুদ্ধ শুরুর পর গত এপ্রিলে জ্বালানির দাম এক দফা বাড়ানো হয়েছিল। ফলে বর্তমান সরকারের আমলে দুই দফায় সব ধরনের জ্বালানির দাম লিটারে ৩৫ থেকে ৪৫ টাকা বাড়ল। জ্বালানি বিভাগের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম ও পণ্য পরিবহন ব্যয় বাড়ার কারণে বিপিসিকে প্রতিদিন বিপুল অঙ্কের টাকা লোকসান গুনতে হচ্ছে।

## শাহরাস্তিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে

কাঁধে নিয়ে ফ্রিজের পাশে গেলে কোনোভাবে লুঙ্গিটি ফ্রিজের সংস্পর্শে আসে। এতে সে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ফ্রিজের সঙ্গে আটকে যায় বলে পরিবারের সদস্যরা জানান।

পরিবারের সদস্যরা আরও জানান, এ সময় আদনানের দ্বিতীয় বোন রান্নাঘর থেকে এসে তাকে ফ্রিজের পাশে সোজা হয়ে দাঁড়িয়ে থাকতে দেখেন। তখন বোন তাকে বলেন, 'কিরে, এভাবে তাকিয়ে আছিস কেন? কথা কস না ক্যা?' কিন্তু আদনান কোনো উত্তর না দেওয়ায় বোন তার শরীরে হাত দেন। সঙ্গে সঙ্গে আদনান মাটিতে পড়ে যায়।

পরে পরিবারের সদস্যরা দ্রুত তাকে উদ্ধারের চেষ্টা করেন। তবে ততক্ষণে তার মৃত্যু হয়েছে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়।

আদনানের আকস্মিক মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে পরিবার, স্বজন, সহপাঠী, শিক্ষক ও স্থানীয়দের মধ্যে গভীর শোকের ছায়া নেমে আসে। আদনানের অকাল মৃত্যুতে শোকাহত হয়ে পড়েছে পুরো পরিবার।

স্থানীয়রা জানান, ছোট্ট বয়সে আদনানের এমন আকস্মিক মৃত্যু অত্যন্ত বেদনাদায়ক। তার মৃত্যুতে ইছাপুরা এলাকায়ও শোকের আবহ বিরাজ করছে।

## মতলবে সড়ক দুর্ঘটনায়

করেন। নিহত অটোরিকশাচালকের বড় ভাই মো: হায়দার মিয়াজী বলেন, ভাই আগে থেকেই কিছুটা অসুস্থ ছিল। তার আয়েই সংসারের খরচ চলত। ভাইডা মইরা গেল, এখন তার তিন ছেলে-মেয়ে ও স্ত্রীর অবস্থা কী হবে।

মতলব দক্ষিণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান মানিক অটোচালক ছিদ্দিক মিয়াজীর মৃত্যুর সত্যতা নিশ্চিত করেছেন।

## ফরিদগঞ্জে আনন্দ বাস

মেয়ে এবং মেহজাবিন আক্তার লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার চরপক্ষিয়া এলাকার দিদার হাওলাদারের মেয়ে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, বিকেলে গৃদকালিন্দিয়া বাজার সংলগ্ন চাড়ুয়া মসজিদের সামনে দ্রুতগামী আনন্দ বাস ও বিপরীত দিক থেকে আসা একটি সিএনজিচালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষ হয়। এতে অটোরিকশাটি দুমড়েমুচড়ে যায় এবং চালকসহ তিন আরোহী রক্তাক্ত ও গুরুতর আহত হয়। ঘটনার পরপরই স্থানীয়রা আশঙ্কাজনক অবস্থায় তাঁদের উদ্ধার করে দ্রুত ফরিদগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তিনজনকেই উন্নত চিকিৎসার জন্য চাঁদপুর জেলা সদর হাসপাতালে পাঠান।

এদিকে দুর্ঘটনার পরপরই আনন্দ বাসের চালক ও হেলপার গাড়ি রেখে চম্পট দেয়। খবর পেয়ে ফরিদগঞ্জ থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দুর্ঘটনাকবলিত আনন্দ বাস ও সিএনজি অটোরিকশাটি জব্দ করে থানায় নিয়ে আসে।

এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহ বলেন, সড়ক দুর্ঘটনার সংবাদ পেয়েই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং বাস ও সিএনজি জব্দ করে থানায় নিয়ে এসেছে। চালক ও হেলপার পালিয়ে গেছে। এ ঘটনায় ভুক্তভোগীদের পক্ষ থেকে অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## চাঁদপুরে বাড়ছে ডেঙ্গুর

জানিয়েছেন চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এ কে এম মাহবুবুর রহমান। তিনি বলেন, ''হাসপাতালে ডেঙ্গু রোগীদের জন্য পর্যাপ্ত ওষুধ, চিকিৎসাসামগ্রী ও পরীক্ষার কিট মজুদ রয়েছে। আমরা সাধ্যমতো সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা করছি।''

ডেঙ্গু প্রতিরোধে শুধু চিকিৎসাব্যবস্থার ওপর নির্ভর না করে সামাজিক সচেতনতা বাড়ানোর ওপরও গুরুত্ব দেন তিনি। ডা. মাহবুবুর রহমান বলেন, ''ডেঙ্গু প্রতিরোধে সম্মিলিত উদ্যোগের বিকল্প নেই। বাড়ির ছাদ, আঙিনা, অফিসকক্ষ কিংবা আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। বিশেষ করে কোথাও যেন পানি জমে না থাকে, সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে, যাতে এডিস মশা বংশ বিস্তার করতে না পারে।''

জ্বর বা ডেঙ্গুর সামান্য উপসর্গ দেখা দিলেও দেরি না করে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়ার আহ্বান জানান তিনি।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com




## ফরিদগঞ্জে সাবেক যুবলীগ

স্বাভাবিক রাখতে এবং নিষিদ্ধ ঘোষিত সংগঠনের যেকোনো ধরনের বেআইনি তৎপরতা প্রতিরোধে পুলিশ কঠোর অবস্থানে রয়েছে। ওই যুবলীগ নেতাকে সুনির্দিষ্ট মামলায় গ্রেপ্তার দেখিয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। জনস্বার্থে আমাদের এই বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

## চাঁদপুরে হেলে পড়া

এক ব্যক্তি জানান হেলে পরা বিদ্যুতের পিলারের কারণে আমরা এলাকা বাসি বেশ আতঙ্কে ছিলাম। উক্ত পিলারটি এমন ভাবে হেলে পড়েছিল যেকোনো মুহূর্তে দুর্ঘটনার শিকার হতে পারত। ঝুঁকিপূর্ণ এই পিলারটি মেরামত করার ফলে এলাকাবাসীর মধ্যে স্বস্তি ফিরে এসেছে।

## চাঁদপুর জেলা যুবদলের

যুবদলের সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশের সঞ্চালনায় সমাবেশে আরও বক্তব্য রাখেন জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহম্মেদ বাহার, সহ-সভাপতি মোস্তফা বন্দুকশী, পৌর যুবদলের আহ্বায়ক শাহজাহান কবির খোকা, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক নজরুল ইসলাম খান নজু, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক পারভেজ আলম রবিন এবং সদর উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান খান কাজল।

সমাবেশে জেলা, সদর উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সমাবেশ শেষে জেলা বিএনপি কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে চাঁদপুর অঙ্গীকার পাদদেশে গিয়ে শেষ হয়।

## আন্তর্জাতিক ইশারা ভাষা

২০১৭ সালের ডিসেম্বর মাসে বধির মানুষদের অধিকার আরও দৃঢ়? করতে জাতিসংঘ সাধারণ পরিষদ আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস বা সাংকেতিক ভাষা দিবসের ওপর গুরুত্বারোপ করে। ২০১৮ সাল থেকে ২৩ সেপ্টেম্বর বিশ্বজুড়ে পালন করা হয় এই বিশেষ দিবস।

যদিও ইশারা এমন একটি ভাষা যা কথ্যভাষার অনেক আগে থেকেই অর্থাৎ সেই আদিম যুগ থেকে মানুষ ব্যবহার করে আসছে। অথচ সেই ভাষা ব্যবহারকারী মানুষদের সমাজ অপাংক্তেয় করে রেখেছে।

## চাঁদপুরে চক্ষু রোগের

তালুকদার ও হাসপাতালের কো-অডিনেটর (প্রোগ্রাম এণ্ড এডমিন) প্রকৌশলী শামীম খান।

বাংলাদেশ অপ্টোমেট্রিক সোসাইটির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি নরেশ চন্দ্র রায়ের সভাপতিত্বে আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য দেন সংগঠনের উপদেষ্টা মো. সালাউদ্দিন সুমন, সভাপতি মো. দিদারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মো. বরকত উল্যাহ।

আইন বিষয়ক সম্পাদক মো. ইসমাইল হোসেন ও মো. শরীফুল ইসলামের যৌথ সঞ্চালনায় আরো বক্তব্য দেন সহ-সভাপতি ডা. মো. বুলবুল আক্তার পিএইচডি, সাংগঠনিক সম্পাদক নাছির উদ্দিন জমাদার ও কোষাধ্যক্ষ মো. আলমগীর হোসেন।

অপটোমেট্রিস্ট ও অপথালমোলজিস্ট এর কাজের ক্ষেত্রে উন্নয়ন এবং আগত প্রযুক্তির ব্যবহার সম্পর্কে প্রেজেন্টেশন উপস্থাপন করেন মো. দিদারুল ইসলাম, ডা. মো. বুলবুল আক্তা পিএচইডি, মোহাম্মদ সালাহ উদ্দিন ও ফাহমিদা আক্তার।

বক্তারা বলেন, তাদের এই বৈজ্ঞানিক সেমিনার হচ্ছে অপ্টোমেটি নিয়ে। অপ্টোমেটি অনেকের কাছে নতুন পেশা। এর যে নতুন নতুন বিষয় উন্নয়ন হচ্ছে তা সকলের মাঝে পরিচিত করার জন্য এই আয়োজন। তারা যাতে এই বিষয়ে অভিজ্ঞতা অর্জন করে সাধারণ মানুষকে সেবা দেয়ার ক্ষেত্রে কাজে লাগাতে পারে সেজন্য এই প্রচেষ্টা। অপ্টোমেটি পেশাজীবী হিসেবে সম্প্রতি বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল এর অন্তর্ভুক্ত হয়েছে।

## শাহরাস্তিতে অবৈধভাবে মাটি

পাইপ বিনষ্ট করা হয়। অভিযান পরিচালনা করেন শাহরাস্তি উপজেলার সহকারী কমিশনার (ভূমি) সামছুজ্জামান। অভিযানে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন উপ-সহকারী ভূমি কর্মকর্তা, উপজেলা আনসার সদস্য ও গ্রামপুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, কৃষিজমির টপসয়েল রক্ষা এবং অনুমোদন বিহীন মাটি ও বালু উত্তোলন বন্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## আদর্শ শিক্ষক পরিষদ

শিক্ষকদের ন্যার্য দাবি আদায়ে নিয়মতান্ত্রিক ভূমিকা পালনের আহবান করা হয়।

## মতলব উত্তরের 'জলবিলাস'

দিয়েছি। এর আগে গত ২৪ আগস্ট মেঘনা নদীর তীর ও নদীতীরবর্তী সরকারি জায়গা দখল করে হোটেল নির্মাণের অভিযোগে প্রকাশিত সংবাদ আমলে নিয়ে স্বপ্রণোদিতভাবে তদন্তের নির্দেশ দেন মতলব আমলী আদালত এর বিচারক জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. নসরুল্লাহ।

একই সঙ্গে ওই এলাকায় নির্মিত স্থাপনার সংখ্যা, নির্মাণকাজে জড়িত ব্যক্তিদের পরিচয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নেওয়া হয়েছিল কি না- এসব বিষয় তদন্ত করে মতলব উত্তর উপজেলা সহকারী কমিশনারকে (ভূমি) ৩০ দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়।

## আমদানি ব্যয় ও ভর্তুকির

নিরাপত্তা ঝুঁকি বেড়েছে। ফলে লোহিত সাগরেও বাণিজ্যিক জাহাজ চলাচল ব্যাহত হচ্ছে। এসব কারণে অনেক জাহাজকে দীর্ঘ বিকল্প পথে চলাচল করতে হচ্ছে। এতে জ্বালানি পরিবহনে ঝুঁকি, বীমা ব্যয় ও ফ্রেইট চার্জ বেড়েছে।

জ্বালানি বিভাগের হিসাবে, বাংলাদেশে বছরে প্রায় ৭০ লাখ টন জ্বালানি তেল আমদানি হয়, যার মধ্যে ডিজেল প্রায় ৪৫ লাখ টন। আন্তর্জাতিক বাজারের বর্তমান দরের সঙ্গে দেশের বাজারের দামের বড় ব্যবধান বিপিসির আর্থিক চাপ আরও বাড়িয়ে তুলছিল। মূল্য সমন্বয় না করা হলে শুধু ডিজেলেই বার্ষিক লোকসান প্রায় ৪০ হাজার কোটি টাকায় পৌঁছাতে পারত। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং জাহাজ ভাড়া (ফ্রেট চার্জ) বহুগুণ বেড়ে যাওয়ার কারণে বাধ্য হয়েই দেশে তেলের দাম সমন্বয় করতে হয়েছে বলে জানিয়েছেন বিপিসির চেয়ারম্যান ড. মো. রফিকুল ইসলাম।

তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং জাহাজ ভাড়া বহুগুণ বেড়ে যাওয়ায় বাধ্য হয়েই দেশে তেলের মূল্য সমন্বয় করতে হয়েছে।

চেয়ারম্যান জানান, গত ছয় মাসে বিপিসির মোট লোকসানের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ২৩ হাজার কোটি টাকা। লোকসানের এই ধারা অব্যাহত থাকলে দেশের জ্বালানি খাতের ওপর তৈরি হতো মারাত্মক সংকট। রফিকুল ইসলাম বলেন, তেলের মূল দামের পাশাপাশি এটি হ্যান্ডেলিংয়ের খরচ অভূতপূর্ব হারে বেড়েছে। আগে যেখানে জাহাজ ভাড়া ছিল ৩ থেকে ৪ ডলার, তা বেড়ে ১৫-১৭ ডলারে দাঁড়িয়েছে। ফলে সমন্বয় না করে বিদ্যমান ধরে রাখলে বিপিসির প্রতি মাসে গড়ে ৩ হাজার ৮০০ থেকে ৪ হাজার কোটি টাকা লোকসান দিতে হতো।

পাচার রোধে মূল্য ব্যবধান কমানো:

জ্বালানি তেল বৈদেশিক মুদ্রায় আমদানি করা হয়। কিন্তু বাংলাদেশে তুলনামূলক কম দামে জ্বালানি তেল বিক্রি হওয়ায় সীমান্ত দিয়ে প্রতিবেশী দেশে পাচারের ঝুঁকি তৈরি হয়েছিল বলে জানিয়েছে জ্বালানি বিভাগ। এতে একদিকে দেশের বৈদেশিক মুদ্রার অপচয়ের আশঙ্কা থাকে, অন্যদিকে ভর্তুকির সুবিধা দেশের বাইরে চলে যাওয়ার সুযোগ তৈরি হয়।

জ্বালানি বিভাগের তথ্য অনুযায়ী, বাংলাদেশে ডিজেলের মূল্য অনেক আঞ্চলিক ও এশীয় দেশের তুলনায় কম। বাংলাদেশি মুদ্রায় কলকাতায় প্রতি লিটার ডিজেলের দাম ১৩৪ টাকা ৭৬ পয়সা, মিয়ানমারে ১৬৪ টাকা ৮৩ পয়সা, নেপালে ১৬১ টাকা ২৪ পয়সা, শ্রীলঙ্কায় ১৭৯ টাকা ৪২ পয়সা, থাইল্যান্ডে ১৫১ টাকা ২২ পয়সা, ভিয়েতনামে ১৩৭ টাকা, মালদ্বীপে ১৪০ টাকা, ফিলিপাইনে ১৬৮ টাকা ৫৩ পয়সা, পাকিস্তানে ১৮৫ টাকা ৪৮ পয়সা এবং সংযুক্ত আরব আমিরাতে ১৪৪ টাকা ৭৯ পয়সায় বিক্রি হচ্ছে।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত গতকাল সচিবালয়ে বলেছেন, একই সঙ্গে বিপুল ভর্তুকি অব্যাহত রাখলে সামাজিক সুরক্ষা কর্মসূচিতে অর্থায়নের সক্ষমতাও চাপে পড়তে পারে। বাংলাদেশে জ্বালানি তেলের দাম তুলনামূলক কম থাকায় বৈদেশিক মুদ্রায় কেনা তেল প্রতিবেশী দেশে পাচারের ঝুঁকি তৈরি হয়েছিল। ফলে দাম সমন্বয় অপরিহার্য হয়ে পড়ে।

ভর্তুকির চাপ কমানোর উদ্যোগ:

জ্বালানি বিভাগ জানিয়েছে, আন্তর্জাতিক বাজারের দরের সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে পুরোপুরি সমন্বয় করা হলে ডিজেলের দাম লিটার প্রতি ২০৫ টাকা নির্ধারণ করতে হতো। তবে সাধারণ মানুষ, গণপরিবহন এবং সেচনির্ভর কৃষকের আর্থিক সক্ষমতার বিষয়টি বিবেচনায় নিয়ে সরকার তুলনামূলক কম দামে জ্বালানি সরবরাহ করছে।

আরও জানায়, অতীতে বিপিসির অর্জিত অতিরিক্ত অর্থ সংরক্ষিত থাকায় প্রতিষ্ঠানটি বড় অঙ্কের লোকসান সত্ত্বেও এতদিন মূল্য না বাড়িয়ে পরিস্থিতি সামাল দিতে পেরেছে। আন্তর্জাতিক বাজারে দামের পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাৎক্ষণিকভাবে দেশের বাজারে দাম সমন্বয় না করে জনগণকে সুরক্ষা দেওয়ার চেষ্টা করা হয়েছে।

বিপিসির লোকসান কমবে প্রায় ১০ হাজার কোটি টাকা

জ্বালানি বিভাগের হিসাবে, আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে জ্বালানি তেলের দাম লিটার প্রতি ২০ টাকা সমন্বয় করায় বিপিসির বার্ষিক লোকসান প্রায় ১০ হাজার কোটি টাকা কমানো সম্ভব হবে। এতে বিপিসির আর্থিক সক্ষমতা কিছুটা স্বস্তি পাবে এবং জ্বালানি আমদানির অর্থায়ন আরও টেকসইভাবে পরিচালনা করা সম্ভব হবে।

সরকারের লক্ষ্য হলোড় আন্তর্জাতিক বাজারের অস্বাভাবিক পরিস্থিতির পুরো চাপ যাতে জনগণের ওপর না পড়ে, একই সঙ্গে বিপিসির আর্থিক সক্ষমতা, জ্বালানি সরবরাহ এবং সরকারের অন্যান্য অগ্রাধিকারমূলক ব্যয়ও যাতে ব্যাহত না হয়। এ কারণে বর্তমান পরিস্থিতিতে সীমিত পরিসরে মূল্য সমন্বয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পরিস্থিতি স্বাভাবিক হলে মূল্য পুনঃসমন্বয়ের সুযোগ:

সরকার জানিয়েছে, আন্তর্জাতিক বাজার পরিস্থিতি স্বাভাবিক হলে এবং জ্বালানি আমদানির ব্যয় কমে এলে দেশের বাজারেও জ্বালানি তেলের দাম পুনরায় সমন্বয়ের সুযোগ থাকবে। অর্থাৎ বর্তমান মূল্য সমন্বয়কে স্থায়ীভাবে উচ্চমূল্য ধরে রাখার পরিবর্তে আন্তর্জাতিক বাজারের পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি সময়োপযোগী পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।

জনগণের ওপর প্রভাব কমাতে নজরদারি:

মূল্য সমন্বয়ের সুযোগ নিয়ে অসাধু চক্র যাতে অতিরিক্ত পরিবহন ভাড়া আদায় বা কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে, সে জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরগুলোকে নিয়ে বাজার মনিটরিং জোরদার করা হয়েছে। সরকারের লক্ষ্য, মূল্য সমন্বয়ের অনিবার্য প্রভাব যাতে অযৌক্তিকভাবে বেড়ে সাধারণ মানুষের ওপর না পড়ে তা নিশ্চিত করা।

জ্বালানি বিভাগের কর্মকর্তারা বলছেন, বর্তমান আন্তর্জাতিক বাজার পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত জ্বালানি খাতে ব্যয় ও ভর্তুকির মধ্যে ভারসাম্য বজায় রাখা জরুরি। এ কারণে আন্তর্জাতিক বাজার, বিপিসির আর্থিক পরিস্থিতি এবং জনগণের সক্ষমতাড়তিনটি বিষয় বিবেচনায় নিয়েই মূল্য সমন্বয়ের নীতি বাস্তবায়ন করা হচ্ছে।

বিপিসির সংকট এড়াতে তেলের দাম বাড়ানো ছাড়া বিকল্প ছিল না জানিয়ে জ্বালানি বিশেষজ্ঞ ও বুয়েটের সাবেক অধ্যাপক ড. ইজাজ হোসেন বাসসকে বলেন, বিপিসির আর্থিক সংকট এবং দেশে সম্ভাব্য জ্বালানি ঘাটতি এড়াতে তেলের দাম বাড়ানো ছাড়া সরকারের হাতে অন্য কোনো ভালো বিকল্প ছিল না। আন্তর্জাতিক বাজারের উচ্চ মূল্যের কারণে দেশীয় বাজারেও জ্বালানি তেলের দাম সমন্বয়ের এই প্রভাব পড়াটা স্বাভাবিক।

তিনি বলেন, সরকার যদি এখন তেল আমদানি করতে না পারত, তবে দেশ আরও বড় ও ভয়াবহ সংকটে পড়ত। যা দেশের প্রতিটি নাগরিককে চরম ভোগান্তিতে ফেলত।

বিশ্ব অর্থনীতির পরিস্থিতি নিয়ে ড. ইজাজ হোসেন আশা প্রকাশ করেন, আন্তর্জাতিক সংকটের কারণে তৈরি হওয়া এই পরিস্থিতি চিরস্থায়ী হবে না। বিশেষ করে মার্কিন নির্বাচনের পর আন্তর্জাতিক সংকট বা যুদ্ধ পরিস্থিতি স্বাভাবিক হলে বিশ্ববাজারে তেলের দাম আবার পূর্বের অবস্থায় ফিরে আসবে। এটি পৃথিবীর পাশাপাশি বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য একটি বড় 'শক' বা ধাক্কা হলেও সাময়িকভাবে তা মেনে নেওয়া ছাড়া উপায় নেই।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিস্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

## জাতিসংঘ অধিবেশনের উদ্বোধনী

মহাসচিব আন্তোনিও গুতেরেসের আয়োজিত স্বাগত প্রাতরাশেও প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান অংশ নেন। নিউইয়র্কের স্থানীয় সময় মঙ্গলবার সকাল সাড়ে ৭টায় জাতিসংঘ সদর দপ্তরে বিশ্বনেতা ও তাদের সফরসঙ্গীদের সম্মানে ওই প্রাতরাশের আয়োজন করা হয়।

## দেশ কাঁপাচ্ছে নানা ধরনের

হিসেবে দেখার সুযোগ নেই। বিশেষ করে শিশু, বয়স্ক ও আগে থেকে অন্য রোগে আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে সতর্ক থাকা জরুরি। এখন রাজধানীসহ দেশের বিভিন্ন হাসপাতালে একই উপসর্গ নিয়ে আসা রোগীর শরীরে একাধিক ভাইরাস শনাক্ত হচ্ছে। ফলে রোগ নির্ণয়ে চিকিৎসককে দিতে হচ্ছে একাধিক পরীক্ষা-নিরীক্ষা। তাতে রোগী ও স্বজনদের আর্থিক চাপ বাড়ছে। আবার পরীক্ষা-নিরীক্ষার ফল হাতে না আসা পর্যন্ত সুনির্দিষ্ট চিকিৎসা দেয়াও কঠিন হয়ে পড়ছে। বর্তমানে হাসপাতালে বিপুলসংখ্যক শিশু রোগী আসছে। বেশির ভাগ শিশুই জ্বর, শরীরে র‌্যাশ ও ডায়রিয়া নিয়ে আসছে। অনেকের পরীক্ষায় ডেঙ্গু শনাক্ত হচ্ছে না, কিন্তু ডেঙ্গুর উপসর্গ দেখা দিচ্ছে। প্রায় ৫ শতাংশ রোগীকে হাসপাতালে ভর্তি করতে হচ্ছে।

সূত্র জানায়, চলতি বছর দেশে ইতিমধ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা প্রায় অর্ধলক্ষে ঠেকেছে আর শতাধিক মৃত্যু ঘটেছে। ডেঙ্গু সব বয়সী মানুষের হতে পারে। ওই জ্বরের অন্যতম প্রধান বৈশিষ্ট্য তীব্র শরীরব্যথা। মেরুদন্ড ও চোখের পেছনেও ব্যথা হতে পারে। ডেঙ্গুতে জ্বরে শরীরে র‌্যাশ দেখা দিতে পারে। তবে রোগীর শারীরিক অবস্থা ও প্রয়োজনীয় পরীক্ষার ভিত্তিতেই রোগ নির্ণয় করা জরুরি। ডেঙ্গুর সবচেয়ে ভয়ংকর দিক হলো রক্তক্ষরণ ও শকের ঝুঁকি। তাছাড়া তীব্র পেটব্যথা, অতিরিক্ত দুর্বলতা, বারবার বমি, রক্তপাত কিংবা শ্বাসকষ্ট দেখা দিতে পারে। ডেঙ্গুতে জ্বর চলাকালে র‌্যাশ দেখা দিতে পারে আর হামের ক্ষেত্রে সাধারণত জ্বরের পর র‌্যাশ শুরু হয় এবং ধীরে ধীরে চারদিকে ছড়িয়ে পড়ে। হাম শিশুদের মধ্যে বেশি দেখা গেলেও তা কোনোভাবেই হালকা রোগ নয়। কারণ নিউমোনিয়া এর অন্যতম গুরুতর জটিলতা হতে পারে। আর ইনফ্লুয়েঞ্জা ডেঙ্গু বা হামের তুলনায় উপসর্গে আলাদা হলেও জ্বর থাকায় রোগীরা বিভ্রান্ত হচ্ছে। ইনফ্লুয়েঞ্জায় হাঁচি, কাশি, নাক দিয়ে পানি পড়া ও নাক বন্ধ হয়ে থাকা বেশি দেখা যায়। সাধারণত ডেঙ্গুর মতো তীব্র শরীরব্যথা বা হামের মতো র‌্যাশ থাকে না। কিন্তু শিশু, বয়স্ক এবং আগে থেকেই হৃদরোগ, ডায়াবেটিসসহ অন্যান্য রোগে আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে ফ্লু নিউমোনিয়াসহ গুরুতর জটিলতার আশঙ্কা থাকে। ইনফ্লুয়েঞ্জা হৃদরোগ, ডায়াবেটিসসহ অন্যান্য রোগে আক্রান্ত ব্যক্তিদের মৃত্যুঝুঁকি বাড়াতে পারে। বর্তমানে ডেঙ্গুর পাশাপাশি চিকুনগুনিয়া রোগীও মিলছে। ফলে অনেক রোগীর জ্বর কমে গেলেও শরীর ব্যথা সপ্তাহের পর সপ্তাহ থাকছে। চিকুনগুনিয়ায় আক্রান্ত রোগীর শরীরে তীব্র ব্যথা হওয়ায় হাঁটা-চলায় সমস্যা হতে পারে। কারো কারোর চোখমুখ ফুলে যায়।

সূত্র আরো জানায়, বর্তমানে দেশের গ্রামাঞ্চল, পাহাড়ি এলাকা ও দক্ষিণাঞ্চলে ডেঙ্গুর ডেন-২ ভাইরাসের প্রকোপ রয়েছে। বিভিন্ন এলাকায় ডেন-৩ এবং মিশ্র ডেঙ্গু সংক্রমণও দেখা যাচ্ছে। একই সঙ্গে এ বছর আরএসভির প্রকোপও অস্বাভাবিক বেশি দেখা যাচ্ছে। ডেঙ্গু সব বয়সী মানুষের হতে পারে। হাম মূলত ছোটদের বেশি দেখা গেলেও দুটি রোগই শিশুদের জন্য বিপজ্জনক হতে পারে। জ্বর হলে নিজের মতো করে ওষুধ খাওয়া বিপজ্জনক। তাতে রোগীর অবস্থা গুরুতর হওয়ার পর হাসপাতালে এলে চিকিৎসার সুযোগও সংকুচিত হয়ে যায়। রোগীর উপসর্গ, শারীরিক পরীক্ষা ও প্রয়োজনীয় রক্ত পরীক্ষার ভিত্তিতে চিকিৎসককে রোগের কারণ নির্ধারণ করা জরুরি। জ্বর হলে সাধারণত পর্যাপ্ত বিশ্রাম, তরল খাবার এবং বয়স ও ওজন অনুযায়ী ওআরএস দিতে হবে। তীব্র পেটব্যথা, রক্তপাত, শ্বাসকষ্ট, অস্বাভাবিক দুর্বলতা, বারবার বমি, পানি বা খাবার গ্রহণে অক্ষমতা, র‌্যাশ কিংবা শিশুর আচরণে অস্বাভাবিক পরিবর্তন দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

এদিকে এ প্রসঙ্গে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ফজলে রাব্বি চৌধুরী জানান, দেশে সাধারণত মার্চ-এপ্রিল এবং আগস্ট-সেপ্টেম্বরে ভাইরাসের প্রকোপ বাড়ে। এ বছর মার্চ-এপ্রিলের পর সংক্রমণ কিছুটা কমলেও পরে আবার বেড়েছে। ডেঙ্গু, চিকুনগুনিয়া, হাম, ইনফ্লুয়েঞ্জা ও অন্যান্য শ্বাসতন্ত্রের ভাইরাস একই সময়ে ছড়াচ্ছে। তার মধ্যে ইনফ্লুয়েঞ্জা এখন প্রধান। ইনফ্লুয়েঞ্জা টাইপ-এ ও টাইপ-বি দুটিই উল্লেখযোগ্য সংখ্যায় শনাক্ত হচ্ছে। ঘনবসতিপূর্ণ ঢাকা শহরে গণপরিবহন, স্কুল-কলেজ ও জনসমাগমের স্থানে হাঁচি-কাশির মাধ্যমে দ্রুত ভাইরাস ছড়াচ্ছে। তাছাড়া দেশে হামের সংক্রমণও অব্যাহত রয়েছে।

## প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মোবাইল

সাহেব এ মাদরাসাটি প্রতিষ্ঠা করেন? পরে ১৯৬৫সালে আমার দাদা মরহুম এটি আহমেদ হোসাইন রুশদী সাহেব এ মাদরাসায় কামিল প্রতিষ্ঠা করেন? তিনি বলেন, এলাকায় শিক্ষা বিস্তারে মাদরাসাটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? আপনারা অভিভাবকরা আপনাদের সন্তানদের খোঁজ-খবর রাখবেন। আমরা এ প্রতিষ্ঠানের শিক্ষার মান আরও উন্নত করতে চাই। শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের প্রচেষ্টায় শিক্ষার মান বৃদ্ধি করতে হবে। এজন্য শিক্ষকগণ শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে তাদের পড়াশোনার খোঁজখবর নিতে হবে। মাদরাসার পড়া মাদরাসাতেই শেষ করতে হবে। শিক্ষার মান উন্নয়নে সকলকে একসাথে কাজ করতে হবে।

মাদরাসার সহকারি অধ্যাপক মোহাম্মদ কামাল উদ্দিন এর পরিচালনায় বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা মোহাম্মদ ইয়াছিন মিয়া, প্রধান মুহাদ্দিস মাওলানা আখতার হোসাইন, সহকারি অধ্যাপক মাওলানা কামাল হোসাইন, সহকারি অধ্যাপক মাওলানা এমদাদ উল্ল্যাহ, সহকারি অধ্যাপক মোহাম্মদুল্লা, সহকারি অধ্যাপক মোঃ বেলায়েত হোসেন মিজি, সহকারি অধ্যাপক মাওলানা এ এন এম হেলাল উদ্দিন, প্রভাষক মাওলানা নাজির হোসাইন, সিনিয়র শিক্ষক হাফেজ মাওলানা জহিরুল হক, সিনিয়র শিক্ষক মাওলানা মিজানুর রহমান, প্রভাষক মাওনালা আব্দুস সালাম, প্রভাষক সাদিয়া রহমান, প্রভাষক তানিজনা আক্তার, প্রভাষক রেশমা আক্তার, প্রভাষক মাওলানা মহিবুল্লাহ, প্রভাষক নুরুল হক সিয়াম, প্রভাষক শাহপরান, সহকারি শিক্ষক সখিনা আক্তার, সহকারি শিক্ষক মাওলানা আব্দুল হালিম গাজী, সহকারি শিক্ষক মো: হাবিবুর রহমান, সহকারি শিক্ষক মাওলানা বাহাউদ্দিন, সহকারি শিক্ষক মাওলানা আনিসুর রহমান, ইবতেদায়ী প্রধান শরীফ মো: মোস্তফা খান,, মাদরাসার সহকারি শিক্ষক জাহাঙ্গীর আলম, সহকারি শিক্ষক (শরীরচর্চা) মো: শরীফ হাওলাদার, গভর্নিং বডির অভিভাবক সদস্য মাওলানা শহিদুল ইসলাম, মাওলানা আবুল কালাম আজাদ, অভিভাবক হাবিবুর রহমান, অভিভাবক মাওলানা হাবিবুর হুজুর, হিসাব রক্ষক মো: শরীফুর রহমান খান, জিলানী চিশতী কলেজের অফিস ইনচার্জ মো: রানা সরকার, মাদরাসার অফিস সহকারি মো: রিয়াদ হোসেন, অফিস সহকারি মো: শরীফ খান সহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

## মতলব উত্তরে যুবদলের

থেকে মিছিলটি বের হয়। পরে মিছিলটি ছেংগারচর বাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। মিছিল শেষে স্কুল মাঠে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন মতলব উত্তর উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক রাশেদুজ্জামান টিপু। সঞ্চালনা করেন উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো. ফয়সাল আহমেদ সোহেল।

সমাবেশে বক্তব্য রাখেন- মতলব উত্তর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও চাঁদপুর জেলা বিএনপির সদস্য মোঃ মঞ্জুর আমিন স্বপন, চাঁদপুর জেলা যুবদলের সহ-সভাপতি খাইরুল হাসান বেনু, ছেংগারচর পৌর যুবদলের আহ্বায়ক মো. উজ্জল ফরাজী ও সদস্য সচিব মো. আলম সরকার।

বক্তারা বলেন, দেশের শান্তি, শৃঙ্খলা ও স্থিতিশীলতা বিনষ্ট করার যেকোনো অপচেষ্টা প্রতিহত করতে নেতাকর্মীদের ঐক্যবদ্ধ ও সতর্ক থাকতে হবে। সরকার কর্তৃক নিষিদ্ধ আওয়ামী লীগের নামে বা তাদের পক্ষ থেকে কোনো ধরনের নৈরাজ্য ও অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টা হলে তা মোকাবিলায় জনগণকে সঙ্গে নিয়ে রাজনৈতিকভাবে প্রতিরোধ গড়ে তোলা হবে।

তারা আরও বলেন, দেশের গণতান্ত্রিক পরিবেশ ও জনগণের অধিকার সমুন্নত রাখতে বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিকভাবে তাদের কর্মসূচি চালিয়ে যাবে।

এ সময় উপস্থিত ছিলেন ছেংগারচর পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মো. আবু সাঈদ বেপারী, ছেংগারচর পৌর ছাত্রদলের আহ্বায়ক মো. শাকিল, সদস্য সচিব মো. ফরহাদ হোসেন, পৌর ছাত্রদলের সাবেক সভাপতি মো. রাজিব আহমেদ, কামাল, মতলব উত্তর উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. মুরাদ বেপারী, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. নুরুল হুদা ফয়েজী, সদস্য সচিব মো. জয়নাল পাটোয়ারী, মোহনপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মো. কবির সরকারসহ যুবদল ও ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

## হাইমচরে যুবদলের বিক্ষোভ

রাখেন উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জহির মিয়াজী, উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি ফয়সাল আহমেদ আখন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক ইউসুফ আলী, সদস্য সিদ্দিক হাওলাদার, জাকির সর্দার, ২নং আলগী দুর্গাপুর উত্তর ইউনিয়ন যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মহসিন মিয়া, দক্ষিণ আলগী ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম মেজর এবং চরভৈরবী ইউনিয়ন যুবদলের সভাপতি দিদারুল ইসলাম বাবু।

এ সময় বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড যুবদলের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, দেশের গণতন্ত্রবিরোধী যেকোনো ষড়যন্ত্র ও অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির পাঁয়তারা যুবদল ও সাধারণ জনগণ রাজপথে থেকেই প্রতিহত করবে। অবিলম্বে নৈরাজ্য সৃষ্টিকারীদের আইনের আওতায় আনার দাবি জানান তারা।

## কবি নজরুলের রচনাবলী

চাঁদপুরের কৃতিসন্তান সওগাত সম্পাদক নাসিরউদ্দীনের পত্রিকায়। তখন তিনি সৈনিক হিসেবে করাচি ছিলেন। তাঁর বিদ্রোহী কবিতার পাশাপাশি দাঁড় করানোর মত বাংলা ভাষায় দ্বিতীয়টি নেই। '

২২ সেপ্টেম্বর ২০২৫ বেলা ১২ টায় নজরুল গবেষণা পরিষদ, চাঁদপুরের আয়োজনে নজরুল বর্ষ উপলক্ষে আয়োজিত' জাতীয় কবি কাজী নজরুলের কর্মময় জীবন ও বাংলা সাহিত্যে অবদান শীর্ষক' পুরাণ বাজার মধুসূদন উচ্চ বিদ্যালয়ে ১০ ম শ্রেণির শিক্ষার্থী সমন্বয়ে আলোচনা ও কুইজ প্রতিযোগতা অনুষ্ঠানে প্রধান অতিথি ও প্রধান আলোচক হিসেবে উপরোক্ত বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে সিনিয়র শিক্ষক মো. ওহিদুর রহমান (চলতি দায়িত্ব) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভাটির উপস্থাপনায় ছিলেন কবি মুহাম্মদ হানিফ, নির্বাহী সদস্য ও প্রোগ্রামার নজরুল গবেষণা পরিষদ।

স্বাগত বক্তব্য উপস্থাপন করেন মো.মোশারেফ হোসেন, সভাপতি, নজরুল গবেষণা পরিষদ। বিশেষ অতিথি ও আলোচক হিসেবে বক্তব্য রাখেন কবি আশিক বিন রহিম পরিচালক, (গ্রন্থকার,সেমিনার ও শিশু সাহিত্য), সাহিত্য একাডেমি। আলোচক ও কুইজ প্রতিযোগিতা উপস্থাপনা করেন আবদুল গনি,সাধারণ সম্পাদক,নজরুল গবেষণা পরিষদ,চাঁদপুর।

বক্তব্য রাখেন সিনিয়র শিক্ষক মো.হোসাইন । অনুষ্ঠান সভাপতি মহোদয়ের সমাপনি বক্তব্য শেষে কুইজ উপস্থাপন এবং পুরস্কার বিতরণ করা হয় ।

## শাহরাস্তিতে শিক্ষার মানোন্নয়নে

হতদরিদ্র ও অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের ফরম পূরণ, ভর্তি ও অন্যান্য শিক্ষা-সংক্রান্ত ব্যয়ের ভার বহনে সহযোগিতা করার পরিকল্পনা রয়েছে।

কমিটি গঠনের প্রস্তাবে বলা হয়েছে, উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের প্রাক্তন সফল ও স্বচ্ছল শিক্ষার্থীদের সম্পৃক্ত করে সংশ্লিষ্ট বিদ্যালয়ে কমিটি গঠন করা হবে। স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও প্রাক্তন শিক্ষার্থীদের সহযোগিতায় এসব কার্যক্রম পরিচালনার পাশাপাশি শিক্ষার্থীদের প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা দেওয়া হবে।

অনুমোদিত তালিকা অনুযায়ী, শহিদ উল্লাহ কায়সারকে সভাপতি এবং শাহ মোহাম্মদ আলীকে সাধারণ সম্পাদক করা হয়েছে। কমিটিতে সহ-সভাপতি, সহ-সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক ও দপ্তর সম্পাদকসহ বিভিন্ন পদে দায়িত্ব দেওয়া হয়েছে একাধিক ব্যক্তিকে।

কমিটির সদস্যদের মধ্যে রয়েছেন শেখ বেলায়েত হোসেন সেলিম, আক্তার হোসেন চৌধুরী, মো. জসিম উদ্দিন এমএসসি, মাহবুবুর রহমান সেলিম, মো. কামরুল আহসান, জহিরুল ইসলাম বি.এস.সি, হাবিবুর রহমান পাটোয়ারী ও এইচ এম বদিউজ্জামান ভূঁইয়াসহ অনেকে।

এছাড়া উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে আয়েত আলী ভূঁইয়াকে সভাপতি, আব্দুল মান্নান পাটোয়ারী। আবু ইউসুফ রুপম পাটোয়ারীকে সহ-সভাপতি এবং মোজামেল হক পাটোয়ারী, মো. সেলিম পাটোয়ারী, মো. আক্তার হোসেন পাটোয়ারীসহ বিভিন্ন ব্যক্তিকে দায়িত্ব দেওয়া হয়েছে।

সংশ্লিষ্টদের প্রত্যাশা, এ উদ্যোগের মাধ্যমে আর্থিক সংকটে থাকা শিক্ষার্থীদের পড়াশোনা চালিয়ে যেতে সহায়তা করা সম্ভব হবে। একই সঙ্গে শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো ফলাফল নিশ্চিত করতে অভিভাবক, শিক্ষক ও প্রাক্তন শিক্ষার্থীদের সমন্বিত সহযোগিতা আরও জোরদার হবে।

## শাহরাস্তিতে শ্লীলতাহানির

ধরে বিভিন্ন সময় তাকে ভয়ভীতি দেখানো ও শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে বলে শিশুটি তার মাকে জানিয়েছে। ভয়ে প্রথমে সে বিষয়টি কাউকে জানায়নি। ঘটনার দিন বাড়িতে ফিরে শিশুটি কান্নাকাটি করলে স্কুলের শিক্ষিকা সামছুন্নাহার বিষয়টি জানতে চান। পরে শিশুটি তার সঙ্গে ঘটে যাওয়া বিষয়গুলো জানান। শিক্ষিকা ফোন করে শিশুটির মাকে বিষয়টি অবহিত করেন এবং মেয়েকে ওই শিক্ষকের কাছে আর না পাঠানোর পরামর্শ দেন। শিশুটির মা জানান, মেয়ের কাছ থেকে জানতে পেরেছেন, তাকে বিভিন্ন সময় ভয় দেখানো, বস্তায় ভরে মারধর ও বালিশ দিয়ে চাপা দিয়ে মারার হুমকি দেওয়া হতো। হাত-পা টেনে ধরা ও শরীরের বিভিন্ন স্থানে ব্যথা দেওয়ার অভিযোগও করেছে শিশুটি।

একটি ঘটনায় জামাকাপড় খুলে ফেলার অভিযোগ করেছে সে। ওই সময় শিক্ষকের পরিবারের একজন নারী সদস্য উপস্থিত ছিলেন বলেও শিশুটি জানিয়েছে। মা বলেন, "আমার মেয়ে ভয়ে অনেক দিন বিষয়গুলো আমাকে জানাতে পারেনি। ঘটনার দিন স্কুলের ম্যাডাম আমাকে ফোন করে জানান। পরে বিষয়টি জানার পর প্রথমে আত্মীয়স্বজন এবং স্থানীয় ইউপি চেয়ারম্যান মোশাররফ হোসেনসহ কয়েকজনকে অবহিত করি। মসজিদের ইমাম/হুজুরসহ স্থানীয় কয়েকজনকেও বিষয়টি জানানো হয়েছে। আমি ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে সত্যতা উদঘাটন করে ন্যায়সঙ্গত বিচার চাই।

শিশুটিও ঘটনার সুষ্ঠু তদন্ত এবং নিরাপদে পড়াশোনার পরিবেশ নিশ্চিত করার দাবি জানিয়েছে। তার অভিযোগ, কাউকে জানালে তাকে মারধর ও বালিশ দিয়ে চাপা দেওয়ার ভয় দেখানো হতো। বিভিন্ন সময় হাত-পা টানা, শরীরের বিভিন্ন স্থানে চাপ দেওয়া ও ব্যথা দেওয়ার ঘটনাও ঘটেছে বলে সে জানায়। একটি ঘটনায় জামাকাপড় খুলে ফেলার অভিযোগের কথাও জানিয়েছে শিশুটি।

এদিকে শিশুটির পরিবারের পক্ষ থেকে বিষয়টি জানানো হলে স্থানীয় ইউপি চেয়ারম্যান মোশাররফ হোসেন শাহরাস্তি মডেল থানায় অবহিত করেন।শাহরাস্তি মডেল থানার প্রেস রিলিজ সূত্রে জানা যায়, এ ঘটনায় এফআইআর নম্বর-২৭, তারিখ ২২ সেপ্টেম্বর ২০২৬ এবং জিআর নম্বর-৩১০, তারিখ ২২ সেপ্টেম্বর ২০২৬; নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ১০ ধারায় মামলা হয়েছে।ওসি মীর মাহবুবুর রহমান বলেন, "বিষয়টি অত্যন্ত দুঃখজনক। সংবাদ পেয়েই গুরুত্বের সঙ্গে তৎক্ষণাৎ ব্যবস্থা নেওয়া হয়েছে।

এ ঘটনায় মামলা হয়েছে। আসামি আমিনুল ইসলামকে গ্রেপ্তার করে যথাযথ পুলিশ স্কর্টের মাধ্যমে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। অভিযোগের বিষয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

## হাজীগঞ্জে মাদকবিরোধী ফুটবল

আলম রুবেল। এর আগে কিশোর ও যুব সমাজের উদ্দেশ্যে তিনি দিক-নির্দেশনামূলক বক্তব্য রাখেন। বন্ধু মহলের সহ-সভাপতি ও ইউপি সদস্য সৈয়দ আহম্মদ রতনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ডা. সোয়েব হোসেন সৌরভ, বন্ধু মহলের উপদেষ্টা সদস্য মো. শরিফুল ইসলাম রিপন, মো. তাজুল ইসলাম মিয়াজী ও সাধারণ সম্পাদক মো. ইমরান মিয়াজী প্রমুখ।

মাদক বিরোধী এ টুর্নামেন্টে ৩২টি দল অংশগ্রহণ করে। এর মধ্যে গ্রুপ পর্যায়ের খেলা শেষে কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনালের মাধ্যমে নিউ মেডিনোভা একাদশ ও রানারআপ নাঈম মজুমদার স্কোয়াড ফাইনালে উত্তীর্ণ এবং ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে চলতি বছরের টুর্নামেন্টের সমাপ্তি ঘটে।

প্রসঙ্গত, কিশোর ও যুব সমাজকে মাদক, ইভটিজিং'সহ সামাজিক অপরাধ থেকে দূরে রাখতে বন্ধু মহল নিয়মিত ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি সামাজিক ও মানবিক কাজ করে থাকে। ইতিমধ্যে সংগঠনটি তার কার্যক্রমে সাধারণ মানুষের প্রশংসা কুড়িয়েছে।

## মান্দারী ফাজিল ডিগ্রি

অনুষ্ঠানটির আয়োজন করে উক্ত মাদ্রাসা কর্তৃপক্ষ।

অনুষ্ঠানে শুরুতেই শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন মাদ্রাসার অধ্যক্ষের নেতৃত্বে শিক্ষক প্যানেল। এরপর উক্ত মাদ্রাসার সুনামধন্য অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা নেছার আহমাদ এর সভাপতিত্বে শুরু হয় বিভিন্ন উপদেশমূলক বক্তব্য। সভাপতির বক্তব্যে অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা নেছার আহমাদ বলেন, তোমরা যারা আজ নতুন স্বপ্ন, নতুন প্রত্যাশা ও নতুন উদ্দীপনা নিয়ে এই প্রতিষ্ঠানে পা রেখেছো, তোমাদের সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আজ থেকে উচ্চ শিক্ষা অর্জণের জন্য তোমাদের জীবনের একটি নতুন অধ্যায়ের সূচনা হলো। তিনি বলেন, দুনিয়া ও আখেরাতে সফলতার জন্য মাদ্রাসা শিক্ষাই সর্বশ্রেষ্ঠ মাধ্যম। মাদ্রাসা শিক্ষা তোমাকে আল্লাহ পাকের সন্তুষ্টি অর্জণের দিকে নিয়ে যাবে। মাদ্রাসা শিক্ষা অর্জনের মাধ্যমে তোমরা তোমাদের জীবনকে সফল ও পরিপূর্ণভাবে সাজাতে পারবা।

তিনি বলেন, শিক্ষা শুধু ভালো ফলাফল অর্জনের জন্য নয়, শিক্ষা মানুষের চরিত্র গঠন করে, নৈতিকতা শেখায় এবং একজন মানুষকে দেশ ও সমাজের জন্য যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলে।

তাই, তোমরা নিয়মিত ক্লাস করবে, শিক্ষকদের সম্মান করবে, সহপাঠীদের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখবে এবং সময়ের মূল্য বুঝবে। মনে রাখবে, তোমাদের আজকের পরিশ্রমই আগামী দিনের সাফল্যের ভিত্তি। তোমাদের সম্ভাবনাকে কাজে লাগিয়ে নিজেদের যোগ্য ও আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। তিনি আরো বলেন, আমাদের এই প্রতিষ্ঠান শুধু তোমাদের পাঠ্য বইয়ের জ্ঞান দেবে না, তোমাদের মধ্যে শৃঙ্খলা, মানবিকতা, সততা, দেশপ্রেম ও দায়িত্ববোধ সৃষ্টি করার চেষ্টা করবে। তোমাদের সাফল্যই হবে আমাদের প্রতিষ্ঠানের সবচেয়ে বড় অর্জন।

উক্ত মাদ্রাসার উপাধ্যক্ষ মোঃ মিজানুর রহমান এর উপস্থাপনায় বক্তব্য রাখেন উক্ত মাদ্রাসার সহকারী অধ্যাপক মোঃ নজরুল ইসলাম, মোঃ তারিকুল ইসলাম। বক্তব্য শেষে নবীণ শিক্ষার্থীদেরকে ছবক প্রদান করেন উক্ত মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা নেছার আহমাদ। উক্ত মাদ্রাসার সহকারী অধ্যাপক, প্রভাষক ও সহকারী শিক্ষকের প্রচেষ্টায় উক্ত অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হয়।

## কুমিল্লার চান্দিনায় সৌদি

কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার কাজ করেছেন বলেও দাবি করেন তিনি। আলী আস্রাফের ভাষ্য, দীর্ঘদিনের ব্যবসায়িক কর্মকাণ্ড ও কষ্টার্জিত অর্থের মাধ্যমে সৌদি আরবে 'মায়েল গ্রুপ অব কোম্পানি লিমিটেড'নামে একটি ব্যবসাপ্রতিষ্ঠান গড়ে তুলেছেন তিনি। বর্তমানে প্রতিষ্ঠানটিতে তার আত্মীয়-স্বজনসহ বিভিন্ন এলাকার প্রায় ২৪ জন কর্মচারী কর্মরত রয়েছেন। এছাড়া চান্দিনা, কচুয়া ও আশপাশের এলাকার প্রায় ৯ হাজার মানুষকে সৌদি আরবে পাঠানোর সঙ্গে তিনি সম্পৃক্ত ছিলেন বলেও দাবি করেন।

আলী আশ্রাফ অভিযোগ করেন, প্রায় ছয় বছর আগে একই বাড়ির চাচাতো ভাই দেলোয়ার হোসেন ও আবু সাইদকে তিনি সৌদি আরবে নিয়ে যান। পরে তাদের ব্যবসাপ্রতিষ্ঠানের বিভিন্ন দায়িত্ব দেওয়া হয়। একপর্যায়ে প্রতিষ্ঠানের অর্থের হিসাব-নিকাশে অনিয়মের বিষয় তার নজরে আসলে তিনি তাদের কাছে হিসাব চান। হিসাব যথাযথ না পাওয়ায় দুজনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেন তিনি। দায়িত্ব থেকে সরানোর পরপরই তার বিরুদ্ধে বিভিন্ন ধরনের ষড়যন্ত্র ও অপপ্রচার চালান আবু সাইদ ও দেলোয়ার।

সংবাদ সম্মেলনে আলী আশ্রাফ আরও অভিযোগ করেন, 'হাওয়া-মুন্সি' ও 'মেহজাবিন মৌ' নামের দুইটি ফেইসবুক আইডি ব্যবহার করে তাকে নিয়ে বিভিন্ন অপপ্রচার চালাতে শুরু করে তারা দুই ভাই। এতে দেশে-বিদেশে তার সামাজিক মর্যাদা ও ব্যবসায়িক সুনাম ক্ষতিগ্রস্ত হয়েছে বলে দাবি করেন তিনি।

এ ছাড়া তার ব্যবসাপ্রতিষ্ঠানের পরিচালক সদস্য চট্টগ্রামের বাসিন্দা লাভলী আক্তারকে ব্যবহার করে তার বিরুদ্ধে অপহরণের মামলা করা হয়েছে বলেও অভিযোগ করেন আলী আশ্রাফ। তার দাবি, উদ্দেশ্যপ্রণোদিতভাবে ঘটনা সাজিয়ে তাকে হয়রানি করা হয়েছে।

আলী আশ্রাফ জানান, গত ৪ আগস্ট ভোররাতে সৌদি পুলিশ ও সিআইডি পুলিশের সদস্যরা তাকে আটক করে নিয়ে যান। পরে তাকে নয় দিন কারাগারে থাকতে হয়। আইনি প্রক্রিয়া শেষে ১৪ আগস্ট তিনি কারাগার থেকে মুক্তি পান বলে জানান।

সংবাদ সম্মেলনে কান্নাজড়িত কণ্ঠে আলী আশ্রাফ বলেন, "আমি দেশে ও বিদেশে চরম নিরাপত্তাহীনতায় রয়েছি। দেলোয়ার হোসেন ও আবু সাইদ আমার এবং আমার পরিবারের বড় ধরনের ক্ষতি করতে পারে বলে আশঙ্কা করছি। আমি প্রশাসন ও এলাকাবাসীর কাছে আমার ও আমার পরিবারের সদস্যদের নিরাপত্তা এবং ন্যায়বিচার চাই।"

তিনি আরও বলেন, দীর্ঘদিন প্রবাসে থেকে নিজের পাশাপাশি এলাকার মানুষের জন্য কাজ করে আসছি। অথচ একটি পক্ষ আমাকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন ও ব্যবসায়িকভাবে ক্ষতিগ্রস্ত করার চেষ্টা করছে। এসব অভিযোগের সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটন এবং জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি।

সংবাদ সম্মেলনে স্থানীয় ইউপি সদস্য মো. শাহজাহান, সাবেক ইউপি সদস্য মো. দুলাল মিয়াসহ এলাকার অসংখ্য মানুষ উপস্থিত ছিলেন।

তবে এসব অভিযোগের বিষয়ে দেলোয়ার হোসেন, আবু সাইদ, লাভলী আক্তার কিংবা সংশ্লিষ্ট অন্য পক্ষের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। তাদের বক্তব্য পাওয়া গেলে প্রতিবেদনে তা সংযোজন করা হবে

## স্মার্টফোন ছেড়ে খেলাধুলা

সহযোগিতা করা, সংসারের কাজে অংশ নেওয়া, বিদ্যালয়ে এসে শ্রেণিকক্ষ পরিষ্কার রাখা, বন্ধু কিংবা বড়দের আগে সালাম দেওয়া, অপরিষ্কার বেঞ্চ বা পড়ে থাকা কাগজের প্যাকেট নিজ উদ্যোগে পরিষ্কার করার মতো ছোট ছোট কাজের মধ্য দিয়েই ভালো অভ্যাস গড়ে ওঠে। ভালো কাজেও সুস্থ প্রতিযোগিতা থাকা উচিত। কে আগে ভালো কাজ করতে পারে, কে আগে অন্যকে সালাম দিতে পারে কিংবা কে আগে শ্রেণিকক্ষ পরিষ্কার করতে পারে, এসব নিয়েও প্রতিযোগিতা হতে পারে। খারাপ কাজ এড়িয়ে ভালো কাজের চর্চা এবং ইতিবাচক চিন্তার মাধ্যমে নিজেদের গড়ে তুলতে হবে।

ধর্মীয় অনুশাসনের বিষয়ে তিনি বলেন, আমরা যে যার ধর্মের অনুসারী, সেই ধর্মের নিয়ম-কানুন ও অনুশাসন মেনে চলব। সব ধর্মই শান্তি ও ভালো কাজের শিক্ষা দেয়। তাই ধর্মীয় চর্চার পাশাপাশি ভালো কাজের চর্চা করতে হবে।

শিক্ষার্থীদের ভবিষ্যৎ লক্ষ্য নির্ধারণের আহ্বান জানিয়ে ইউএনও বলেন, স্কুলে পড়াশোনাই শিক্ষার্থীদের প্রধান দায়িত্ব। প্রত্যেক শিক্ষার্থীকে নিজের একটি লক্ষ্য নির্ধারণ করতে হবে। সপ্তম শ্রেণির শিক্ষার্থী এখন থেকেই ভবিষ্যতে কী হতে চায় তা ঠিক করবে। নবম শ্রেণির শিক্ষার্থী এসএসসিতে জিপিএ-৫ পাওয়ার লক্ষ্য নির্ধারণ করে সে অনুযায়ী নিয়মিত ও পরিকল্পিতভাবে পড়াশোনা করবে।

স্মার্টফোন ও সামাজিক যোগাযোগমাধ্যম প্রসঙ্গে মনিরা খাতুন বলেন, শিক্ষার্থীরা বর্তমানে বাবা-মায়ের মোবাইল ফোন নিয়ে ব্যস্ত থাকে। ফেসবুক, টিকটকসহ সামাজিক যোগাযোগমাধ্যমে অতিরিক্ত সময় ব্যয় না করে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। সময় মানুষের সবচেয়ে মূল্যবান সম্পদ। তথ্যপ্রযুক্তি সম্পর্কে জানতে হবে এবং প্রযুক্তিকে ইতিবাচক কাজে ব্যবহার করতে হবে। প্রযুক্তি নিজে খারাপ নয়, তবে এর অপব্যবহার শিক্ষার্থীদের মূল্যবান সময় নষ্ট করছে এবং নেতিবাচক পথে নিয়ে যেতে পারে।

তিনি শিক্ষক ও অভিভাবকদের উদ্দেশে বলেন, শিক্ষার্থীদের মোবাইল ও বিভিন্ন ডিভাইস থেকে দূরে রাখতে সামাজিকভাবে বিভিন্ন কর্মসূচি নেওয়া প্রয়োজন। মাঝে মাঝে শ্রেণিভিত্তিক ফুটবলসহ বিভিন্ন খেলাধুলার আয়োজন করা যেতে পারে। বড় আয়োজনের প্রয়োজন নেই। অষ্টম ও নবম শ্রেণির মধ্যে একটি ফুটবল ম্যাচের আয়োজন করলেও শিক্ষার্থীরা শারীরিক ও সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাবে। খেলাধুলা ও সামাজিক কাজে শিক্ষার্থীদের যুক্ত করা গেলে তারা ধীরে ধীরে ডিভাইস থেকে দূরে আসবে।

অভিভাবকদের উদ্দেশে তিনি বলেন, সন্তানকে শুধু মোবাইল ফোন থেকে দূরে থাকার কথা বললেই হবে না, বাবা-মাকেও নিজেদের আচরণের মাধ্যমে উদাহরণ তৈরি করতে হবে। একজন বাবা যদি সারাদিন মোবাইল ফোন ব্যবহার করেন অথচ সন্তানকে ফোন ব্যবহার না করার কথা বলেন, তাহলে তা কার্যকর হবে না। তাই বাবা-মাকে আগে নিজের ফোনটি পাশে রেখে সন্তানের পাশে বসতে হবে এবং তাকে সময় দিতে হবে। এ সময়কে 'কোয়ালিটি টাইম' উল্লেখ করে তিনি বলেন, বাবা-মা সন্তানকে গুণগত সময় দিলে সন্তানও ইতিবাচকভাবে গড়ে উঠবে।

ইউএনও বলেন, আজকের শিশুরাই আগামীর সমৃদ্ধ বাংলাদেশ গড়ার রূপকার। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা এবং সুস্থ ধারার সাংস্কৃতিক চর্চা শিক্ষার্থীদের মানসিক বিকাশ ও চরিত্র গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মধ্যে সুস্থ প্রতিযোগিতা ও সহমর্মিতার বোধ তৈরি করে।

কৃতি শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, "কৃতি শিক্ষার্থীদের এই অর্জন তাদের ভবিষ্যৎ জীবনে আরও বড় সাফল্যের অনুপ্রেরণা জোগাবে। শিক্ষাপ্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে উপজেলা প্রশাসন সর্বদা বিদ্যালয় কর্তৃপক্ষের পাশে থাকবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহরাস্তি উপজেলা বিএনপির সহ-সভাপতি, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক মোঃ আবু ইউসুফ (রূপন) পাটোয়ারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ কামরুজ্জামান, ইছাপুরা উচ্চ বিদ্যালয়ের সাবেক সভাপতি, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক আলহাজ্ব মোঃ রফিকুল আলম (তনু), বিশিষ্ট ব্যবসায়ী গোলাম মোস্তফা, ইকরামুল হাওলাদার রহিম ও বিএনপি নেতা রবিউল আলম।

অনুষ্ঠানের শুরুতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম কিবরিয়া বিদ্যালয়ের সার্বিক অগ্রগতি তুলে ধরে বলেন, শিক্ষার্থীদের শুধু পাঠ্যবইয়ের আনুষ্ঠানিক শিক্ষার মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। তাদের মেধা, মনন ও শারীরিক-মানসিক বিকাশের জন্য ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চা অত্যন্ত জরুরি। আজকের কৃতি শিক্ষার্থীরাই আগামী দিনে সমাজ ও দেশের নেতৃত্ব দেবে। বিদ্যালয়ের শিক্ষকরা অত্যন্ত নিষ্ঠার সঙ্গে শিক্ষার্থীদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে কাজ করে যাচ্ছেন।

সভাপতির বক্তব্যে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ রিয়াজুল কুদ্দুস বলেন, ইছাপুরা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার মান ও পরিবেশ বজায় রাখতে পরিচালনা কমিটি সর্বদা অঙ্গীকারবদ্ধ। বার্ষিক প্রতিযোগিতা ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনার মতো আয়োজন শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি তাদের ভেতরে লুকিয়ে থাকা সুপ্ত প্রতিভা বিকাশে অনুপ্রাণিত করবে। ভবিষ্যতেও বিদ্যালয়ের অবকাঠামোগত ও শিক্ষাগত মানোন্নয়নে সহযোগিতার ধারা অব্যাহত থাকবে।

অনুষ্ঠান শেষে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে এবং বিভিন্ন পরীক্ষায় অসাধারণ সাফল্য অর্জনকারী কৃতি শিক্ষার্থীদের হাতে সম্মাননা স্মারক ও পুরস্কার তুলে দেন অতিথিরা।

পরে ইউএনও মনিরা খাতুন উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শিক্ষার্থীদের মাঝে 'স্যানোরা' ব্র্যান্ডের স্যানিটারি প্যাড বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## প্রতি কিলোমিটারে বাস ভাড়া

বাসভাড়া বাড়ানোর প্রস্তাব দিয়েছিল সড়ক পরিবহন মালিক সমিতি।

সোমবার (২১ সেপ্টেম্বর) বিকেলে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) বনানী কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে মালিক সমিতির পক্ষ থেকে এ প্রস্তাব দেওয়া হয়। প্রস্তাব অনুযায়ী, দূরপাল্লার বাসে প্রতি কিলোমিটারে ভাড়া ২ টাকা ২৩ পয়সা থেকে বাড়িয়ে ২ টাকা ৪৩ পয়সা এবং ঢাকা ও চট্টগ্রাম মহানগরে ২ টাকা ৫৩ পয়সা থেকে বাড়িয়ে ২ টাকা ৭৩ পয়সা করার কথা বলা হয়েছিল। তবে মঙ্গলবারের বৈঠকে শেষ পর্যন্ত ১৭ পয়সা করে ভাড়া বাড়ানোর সিদ্ধান্ত হয়।

এর আগে রবিবার রাতে সরকার চার ধরনের জ্বালানি তেলের দাম লিটারপ্রতি ২০ টাকা করে বাড়ানোর ঘোষণা দেয়। নতুন দরে প্রতি লিটার ডিজেলের দাম ১৩৫ টাকা, কেরোসিন ১৫৫ টাকা, অকটেন ১৬৫ টাকা এবং পেট্রোল ১৬০ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন দাম রোববার মধ্যরাত থেকে কার্যকর হয়েছে।

নতুন ভাড়া কার্যকর হওয়ার সময় এবং বিভিন্ন রুটে সর্বনিম্ন ভাড়ার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে বিস্তারিত তথ্য জানানো হবে। অতিরিক্ত ভাড়া আদায় ঠেকাতে গণপরিবহনে নজরদারি জোরদারের কথাও জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

## অপপ্রচারের ইস্যু ময়দান-মসজিদ

চুরির ঘটনাও ঘটে বলে অভিযোগ করেন তিনি।

বর্তমানে তিনি ঈদগাহ ময়দানের ইমাম হিসেবে দায়িত্ব পালন করছেন। তার বক্তব্য, ঈদগাহ ময়দান কারও ব্যক্তিগত জায়গা দখল করে পরিচালিত হওয়া উচিত নয়। তাই ময়দানের জমির প্রকৃত সীমানা নির্ধারণ করে বিষয়টির চূড়ান্ত ফয়সালা করা প্রয়োজন।

মাওলানা মাহফুজ উল্যাহ খান প্রশ্ন তুলে বলেন, ঈদগাহ ময়দানের নামে প্রায় এক একর ৮৭ শতাংশ জমি থাকার কথা বলা হলেও এত বছরেও ওই জমির সুনির্দিষ্ট সীমানা নির্ধারণ করা হয়নি কেন? অতীতে যারা ময়দানের কমিটির দায়িত্বে ছিলেন, তারা জমি, আয়-ব্যয় ও ব্যবস্থাপনা নিয়ে কী করেছেন–তা প্রকাশ্যে আনারও দাবি জানান তিনি।

তিনি আরও বলেন, ময়দানের মিম্বার-মেহরাব ও নামাজের কাতারের অবকাঠামো ভেঙে পানিতে তলিয়ে যাওয়ার কারণও খতিয়ে দেখা প্রয়োজন। এদিকে বর্তমানে ঈদগাহ ময়দানে সংস্কার ও উন্নয়নকাজ চলছে। জায়গা ভরাট, সীমানা দেয়াল নির্মাণ এবং দিঘীর অংশে গাইড ওয়াল নির্মাণের কাজ করা হচ্ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। তবে এসব চলমান উন্নয়নকাজে কারা বাধা দিচ্ছে এবং দিঘী নিয়ে কেন নানা টালবাহানা করা হচ্ছে–এ নিয়েও প্রশ্ন তুলেছেন মাওলানা মাহফুজ উল্যাহ খান।

তার অভিযোগ, চলমান উন্নয়ন ও জমির প্রকৃত মালিকানা-সীমানা নিয়ে প্রশ্ন সামনে আসায় একটি কুচক্রী মহল ধর্মীয় অনুভূতিকে কাজে লাগিয়ে অপপ্রচার চালাচ্ছে। এর মাধ্যমে ঈদগাহ ময়দান ও বাগাদী দরবারের পীরসাহেব পরিবারের সুনাম ক্ষুণ্ন করার চেষ্টা করা হচ্ছে।

এ বিষয়ে এলাকাবাসীর একাংশ এ ধরনের অপপ্রচারের নিন্দা জানিয়ে ঈদগাহ ময়দানের জমির সঠিক পরিমাপ, সীমানা নির্ধারণ এবং প্রয়োজনীয় কাগজপত্র যাচাইয়ের মাধ্যমে বিষয়টির শান্তিপূর্ণ ও স্বচ্ছ সমাধানের দাবি জানিয়েছেন। কেউ যেন ঈদগাহের দীঘি এবং জমি আত্নসাত করতে না পারেন সেজন্য সবাইকে সচেতন থাকার আহবান জানান জনগন। ইমাম পরিবারের প্রতি মিথ্যা অপবাদের বিরুদ্ধে তারা ঐক্যবদ্ধ আছেন বলে জানান।

## আঞ্চলিক ও এশিয়ার অনেক দেশের

বাংলাদেশের তুলনায় বেশি। ভিয়েতনামে প্রতি লিটার ডিজেলের দাম ১৩৭ টাকা, যা বাংলাদেশের চেয়ে ২ টাকা বেশি। উন্নত অর্থনীতির দেশগুলোর সঙ্গেও বাংলাদেশের ডিজেলের দামের পার্থক্য বেশ বড়। হংকংয়ে প্রতি লিটার ডিজেলের দাম ৫৮০ টাকা ৫৪ পয়সা, জার্মানিতে ৩৪৭ টাকা ৮৩ পয়সা, ফ্রান্সে ৩২৯ টাকা ৪০ পয়সা, যুক্তরাজ্যে ৩১৭ টাকা ৭৮ পয়সা এবং সুইডেনে ২৯১ টাকা ৩২ পয়সা।

উত্তর আমেরিকার দেশগুলোর মধ্যেও ডিজেলের দাম বাংলাদেশের তুলনায় বেশি। কানাডায় প্রতি লিটার ডিজেলের দাম ২২২ টাকা ৬৯ পয়সা এবং যুক্তরাষ্ট্রে ২০৫ টাকা ২৬ পয়সা। অর্থাৎ কানাডায় বাংলাদেশের চেয়ে ৮৭ টাকা ৬৯ পয়সা এবং যুক্তরাষ্ট্রে ৭০ টাকা ২৬ পয়সা বেশি।

আন্তর্জাতিক বাজারের সঙ্গে তুলনা করলে দেশের অন্যান্য পেট্রোলিয়ামজাত জ্বালানির দামও গড় খুচরা দামের নিচে রয়েছে।

বাংলাদেশে সর্বশেষ অকটেনের দাম নির্ধারণ করা হয়েছে প্রতি লিটার ১৬৫ টাকা। গ্লোবাল পেট্রোল প্রাইসেসের তথ্য অনুযায়ী, আন্তর্জাতিক বাজারে অকটেন-৯৫ গ্যাসোলিনের গড় খুচরা মূল্য ছিল প্রতি লিটার ১ দশমিক ৫৭ মার্কিন ডলার। ১২৩ টাকা ৬৫ পয়সা বিনিময় হার ধরে এর পরিমাণ দাঁড়ায় প্রায় ১৯৪ টাকা ১২ পয়সা। সে হিসাবে বাংলাদেশে অকটেনের দাম আন্তর্জাতিক গড়ের তুলনায় প্রায় ২৯ টাকা ১২ পয়সা বা ১৫ শতাংশ কম।

একইভাবে দেশে নতুন নির্ধারিত প্রতি লিটার পেট্রোলের দাম ১৬০ টাকা, যা আন্তর্জাতিক অকটেন-৯৫ গ্যাসোলিনের গড় দামের তুলনায় প্রায় ৩৪ টাকা ১২ পয়সা বা ১৭ দশমিক ৬ শতাংশ কম। কেরোসিনের দামও আন্তর্জাতিক গড়ের নিচে রয়েছে। দেশে নতুন নির্ধারিত প্রতি লিটার কেরোসিনের দাম ১৫৫ টাকা। গ্লোবাল পেট্রোল প্রাইসেসের ১৪ সেপ্টেম্বরের তথ্য অনুযায়ী, আন্তর্জাতিক বাজারে কেরোসিনের গড় খুচরা মূল্য ছিল প্রতি লিটার ১ দশমিক ৩৪ মার্কিন ডলার, যা একই বিনিময় হার অনুযায়ী প্রায় ১৬৫ টাকা ৬৯ পয়সার সমান। ফলে বাংলাদেশে কেরোসিনের দাম আন্তর্জাতিক গড়ের তুলনায় প্রায় ১০ টাকা ৬৯ পয়সা বা ৬ দশমিক ৫ শতাংশ কম। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রেক্ষিতে আমদানি ব্যয়ের চাপ মোকাবেলা এবং বাংলাদেশ থেকে পাচার ঠেকাতে সরকার দেশের জ্বালানি তেলের দাম সর্বশেষ সমন্বয় করেছে। সংশোধিত দাম ২১ সেপ্টেম্বর থেকে কার্যকর হয়েছে। এ বিষয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত সাংবাদিকদের বলেছেন, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম বেড়ে যাওয়ার পাশাপাশি দেশে তুলনামূলক কম দামে বিক্রি হওয়ায় জ্বালানি তেল প্রতিবেশী দেশে পাচারের ঝুঁকি তৈরি হয়েছে। বৈদেশিক মুদ্রায় কেনা জ্বালানি তেল প্রতিবেশী দেশে পাচার রোধ এবং সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচি অব্যাহত রাখার স্বার্থেই সরকারকে মূল্য সমন্বয় করতে হয়েছে। তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম বেড়ে যাওয়ায় সরকারকে বড় অঙ্কের ভর্তুকি দিতে হচ্ছিল। এই ভর্তুকির চাপ কমানো প্রয়োজন, যাতে সামাজিক সুরক্ষা কর্মসূচিগুলো অব্যাহত রাখা যায়। সর্বশেষ সমন্বয়ের পরও দেশের বাজারে ডিজেলের দাম আন্তর্জাতিক বাজারের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম রয়েছে। প্রতিমন্ত্রী আরও বলেন, জ্বালানি তেলের দাম বাড়ানোর সুযোগ নিয়ে অসাধু চক্র যাতে পরিবহন ভাড়া বা বিভিন্ন পণ্যের দাম অযৌক্তিকভাবে বাড়াতে না পারে, সে বিষয়ে সরকার নজরদারি জোরদার করেছে। সাধারণ মানুষের ওপর মূল্য সমন্বয়ের প্রভাব সর্বনিম্ন পর্যায়ে রাখতে সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলো কাজ করছে।

# পরাশক্তির খেলায় পাকিস্তানের বড় বাজি কি কাজে লাগবে

জাসিম আল-আজাবি

ছোট ও মাঝারি শক্তির দেশগুলো খুব কমই নিজেদের ভৌগোলিক অবস্থান বেছে নেওয়ার সুযোগ পায়; তাদের হাতে কেবল সুযোগ থাকে সেই অবস্থানকে কীভাবে কাজে লাগানো যায় তা ঠিক করার। পাকিস্তান অবস্থান করছে দক্ষিণ এশিয়া, উপসাগরীয় অঞ্চল এবং চীনের সংযোগস্থলে।

দেশটি উৎপাদনে বেইজিংকে টেক্কা দিতে পারবে না, অর্থ খরচে রিয়াদকে টপকাতে পারবে না, আর ওয়াশিংটনের বৈশ্বিক প্রভাবের সমকক্ষ হওয়াও তার পক্ষে সম্ভব নয়। কিন্তু পাকিস্তান নিজেকে এমন এক অবস্থানে নিয়ে যেতে পারে, যাকে কোনো শক্তিই এড়িয়ে যেতে পারবে না।

ইসলামাবাদে এখন ঠিক এই হিসাব-নিকাশই উন্মোচিত হচ্ছে–যা কোনো কূটনৈতিক মিষ্টি কথায় নয়, বরং কঠোর বাস্তববাদের চশমা দিয়েই দেখা উচিত।

বিষয়টি শুরু করা যাক খোদ মূল ধারণাটি দিয়ে। জবিগনিউ ব্রজেজিনস্কি তাঁর বিখ্যাত বই 'দ্য গ্র্যান্ড চেসবোর্ড'-এ এই পরিস্থিতির একটি নাম দিয়েছিলেন: 'জিওপলিটিক্যাল পিভট' বা ভূরাজনৈতিক অক্ষশক্তি।

তিনি অক্ষশক্তির সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন–এগুলো হলো এমন কিছু রাষ্ট্র 'যাদের গুরুত্ব তাদের নিজস্ব ক্ষমতা বা আকাঙ্ক্ষা থেকে আসে না, বরং আসে তাদের সংবেদনশীল ভৌগোলিক অবস্থান এবং ভূরাজনৈতিক পরাশক্তিগুলোর আচরণের ওপর তাদের সম্ভাব্য নাজুক পরিস্থিতির প্রভাব থেকে।'

পাকিস্তান এই বর্ণনার সঙ্গে নিখুঁতভাবে মিলে যায়। দেশটির সীমানাজুড়ে রয়েছে ইরান, চীন ও ভারত। উপসাগরীয় মূলধনকে মধ্য এশিয়ার প্রাকৃতিক সম্পদের সঙ্গে সংযুক্তকারী রুটগুলোর ওপর এর অবস্থান। পাকিস্তানের প্রাসঙ্গিকতা তৈরি হয় সে কোথায় দাঁড়িয়ে আছে তা থেকে, একা সে কী তৈরি করতে পারে তা থেকে নয়।

সৌদি আরব ও তুরস্কের সঙ্গে নতুন 'মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তি' পাকিস্তানের সেই প্রাসঙ্গিকতাকে এক প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে। এটি পাকিস্তানের নিরাপত্তা নীতিকে সরাসরি উপসাগরীয় আঞ্চলিক রাজনীতির সঙ্গে যুক্ত করেছে।

এই চুক্তি রিয়াদকে দিচ্ছে পারমাণবিক ক্ষমতাধর এক শক্তিশালী প্রতিরক্ষা অংশীদার। অন্যদিকে ইসলামাবাদ পাচ্ছে সৌদি মূলধন এবং ইউরোপের দিকে শিল্প প্রসারের সুযোগ।

এদিকে বেইজিংয়ের সঙ্গে সম্পর্কের ফলে পাকিস্তান এমন এক অর্থনৈতিক ভারসাম্য ও সামরিক শক্তি পাচ্ছে, যা কোনো উপসাগরীয় রাষ্ট্রই দিতে পারবে না।

পাশাপাশি, ইরান ও ওয়াশিংটন–উভয় পক্ষের সঙ্গেই পাকিস্তানের যে অপ্রকাশ্য যোগাযোগের পথ রয়েছে (যেখানে দুই চিরবৈরী দেশের একে অপরের প্রতি আস্থার চরম অভাব), তা এমন এক তৃতীয় স্তম্ভ হিসেবে কাজ করছে, যা রিয়াদ বা বেইজিং কোনো পক্ষই পুনরুৎপাদন করতে পারবে না।

এই বিন্যাসে বেইজিংয়ের স্বার্থ নিছক বন্ধুত্বের চেয়ে অনেক বেশি গভীর। চীন তাদের ওপর আরোপিত নিষেধাজ্ঞা এড়িয়ে ছায়া জাহাজের মাধ্যমে প্রণালি টপকে ইরানের প্রায় ৯০ শতাংশ তেল অত্যন্ত কম দামে কিনে থাকে। তবে তেহরানের জন্য চীন যুদ্ধে নেমে পড়বে না।

শিকাগো বিশ্ববিদ্যালয়ের রাজনৈতিক বিজ্ঞানের অধ্যাপক জন মিয়ারশেইমারের তত্ত্ব ব্যাখ্যা করে কেন চীন এমন করবে: পরাশক্তিগুলো তখনই অন্যকে দিয়ে কাজ করায়, যখন প্রত্যক্ষ প্রতিরক্ষার খরচ অর্জিত লাভের চেয়ে বেশি হয়ে যায়।

কিন্তু তা সত্ত্বেও ইরানের পতন ও মার্কিন প্রভাববলয়ে চলে যাওয়া বেইজিং সহ্য করতে পারবে না। কারণ, উপসাগরীয় অঞ্চলে বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের ভবিষ্যৎ, অঞ্চলের জ্বালানি সম্পদ এবং এর পুঁজির বাজার ইরান ভূখণ্ডের ওপর দিয়ে বা তার চারপাশ দিয়েই আবর্তিত হয়। আর পাকিস্তান বেইজিংয়ের সেই হিসাবকে আরও ধারালো করে তোলে।

ভারত অবস্থান করছে চীনকে ঠেকানোর জন্য যুক্তরাষ্ট্র পরিচালিত জোট 'কোয়াড'-এর ভেতরে। ওয়াশিংটন ও ইরানের মধ্যে দূরত্বের প্রতিটি মাইল মানেই হলো এমন এক উপসাগরীয় অঞ্চল তৈরি হওয়া, যা দুই পাশ থেকেই বেইজিংয়ের জন্য অবরুদ্ধ–যার পূর্ব দিকে রয়েছে ভারতঘেঁষা অক্ষ আর পশ্চিমে মার্কিনঘেঁষা অক্ষ।

ফলে চীনের কাছে পাকিস্তানের কৌশলগত মূল্য কেবল গোয়াদর বা সিপেকের মধ্যেই সীমাবদ্ধ নয়। চীনকে ঠেকাতে বা ঘেরাও করতে প্রতিপক্ষ কীভাবে এগোচ্ছে তা বুঝতে এবং ইরান যাতে কোনোভাবেই সেই মার্কিন বলয়ে যোগ না দেয় তা নিশ্চিত করতে বেইজিংয়ের কাছে পাকিস্তানের গুরুত্ব অপরিসীম। এটি প্রথাগত অর্থে কোনো জোট গঠনের প্রক্রিয়া নয়। জন মিয়ারশেইমার এটাকে দেখতেন পরনির্ভরশীলতার বিরুদ্ধে একধরনের প্রতিরক্ষা কৌশল হিসেবে।

'দ্য ট্র্যাজেডি অব গ্রেট পাওয়ার পলিটিকস' গ্রন্থে মিয়ারশেইমার লিখেছেন, 'বিশ্বজুড়ে প্রতিটি প্রধান রাষ্ট্রই নিজেদের মধ্যে ক্ষমতার ভারসাম্য নিয়ে গভীরভাবে চিন্তা করে।' রাষ্ট্রগুলো বন্ধুত্ব বাড়ায় না; তারা নিজেদের অবস্থান সুদৃঢ় করে।

পাকিস্তানের নেতৃত্ব এই সত্যটি সহজাতভাবেই বোঝে। দেশটি কোনো নির্দিষ্ট ব্লকে জয়ী হতে চাইছে না। এটি কোনো ব্লকের নিজস্ব না হয়ে, একই সঙ্গে প্রতিটি ব্লকের কাছে নিজেকে দরকারী বা প্রয়োজনীয় হিসেবে টিকিয়ে রাখার চেষ্টা করছে।

হেনরি কিসিঞ্জার তাঁর 'ওয়ার্ল্ড অর্ডার' গ্রন্থে এই ধরনের ভারসাম্য বজায় রাখা কেন কঠিন, তার সবচেয়ে স্পষ্ট সতর্কবার্তা দিয়েছেন। তিনি পর্যবেক্ষণ করেছেন যে, 'ক্ষমতার ভারসাম্য কখনোই স্থির থাকে না; এর উপাদানগুলো ক্রমাগত পরিবর্তিত হয়।' একটি 'হিঞ্জ স্টেট'-এর প্রভাব কোনো স্থায়ী সম্পদ নয়। অন্য সম্পর্কের বিনিময়ে যখন কোনো একটি সম্পর্ক অতিরিক্ত গভীর হয়ে যায়, তখনই এই প্রভাব কমতে শুরু করে।

পাকিস্তান যদি রিয়াদের দিকে বেশি ঝুঁকে পড়ে, তবে তেহরানের কাছে তার গ্রহণযোগ্যতা হারাবে। আবার বেইজিংয়ের ওপর অতিরিক্ত নির্ভরশীল হলে ওয়াশিংটনের কাছে তার ব্যবহারযোগ্যতা শেষ হয়ে যাবে। দরজার কবজা বা 'হিঞ্জ'-এর মূল্য ঠিক সেখানেই থাকে–যতক্ষণ না তা এক পাশে স্থায়ীভাবে বন্ধ হয়ে যায়।

রাশিয়ার সোভিয়েত-উত্তর পররাষ্ট্রনীতির স্থপতি ইয়েভগেনি প্রিমাকভ আন্তর্জাতিক ব্যবস্থা সম্পর্কে একটি প্রাসঙ্গিক পয়েন্ট তুলে ধরেছিলেন। তিনি যুক্তি দিয়েছিলেন যে, 'আধুনিক বিশ্ব আসলেই বহুমেরুকেন্দ্রিক জটিল এবং গতিশীল।' তাই একক কোনো কেন্দ্রকে ঘিরে বৈশ্বিক সিদ্ধান্ত চাপিয়ে দেওয়ার যেকোনো চেষ্টা 'ব্যর্থ হতে বাধ্য'।

প্রিমাকভ পরাশক্তিদের নিয়ে লিখেছিলেন, ছোট বা মাঝারি শক্তিদের নিয়ে নয়। কিন্তু এই যুক্তি ছোট শক্তিগুলোর ক্ষেত্রেও একইভাবে খাটে। যে বিশ্ব আর একটি মাত্র কেন্দ্রের অধীনে নিয়ন্ত্রিত হয় না, সেখানে পাকিস্তানের মতো রাষ্ট্রের গুরুত্ব কমার বদলে বরং আরও বাড়ে। বহুমেরু বিশ্বই হলো সেই মুক্ত বাতাস, যেখানে পাকিস্তানের মতো অক্ষশক্তিগুলো শ্বাস-প্রশ্বাস নেয়।

তবে এই কৌশলের কোনোটিই ঝুঁকিমুক্ত নয়। এই কৌশলের নিচে তিনটি বড় ঝুঁকি লুকিয়ে রয়েছে।

প্রথমেই রয়েছে, 'ব্লক ক্যাপচার'। বেইজিং বা রিয়াদ যদি ধরে নেয় যে পাকিস্তান পুরোপুরি তাদের পকেটে চলে এসেছে, তবে ওয়াশিংটন ও তেহরানের কাছে পাকিস্তানের কূটনৈতিক মূল্য মুহূর্তেই ধসে পড়বে।

দ্বিতীয়ত রয়েছে 'ওভারএক্সটেনশন'। নিজেদের সামরিক বা শিল্প সক্ষমতা না থাকা সত্ত্বেও একসঙ্গে চারটি ভিন্ন ময়দানে বড় বড় প্রতিশ্রুতি দিয়ে বসলে এমন এক ধাক্কা আসতে পারে, যা সামলানোর ক্ষমতা ইসলামাবাদের একযোগে সব জায়গায় থাকবে না।

তৃতীয়ত আস্থার ঘাটতি। এটি সবচেয়ে ক্ষতিকারক ঝুঁকি। এই শক্তি কেবল ততক্ষণই টিকে থাকে, যতক্ষণ প্রতিটি পক্ষ বিশ্বাস করে যে দেশটি তার কথা রাখবে।

কোনো এক অংশীদার যদি মনে করে যে পাকিস্তান তাদের সঙ্গে খেলা করছে বা প্রতারণা করছে, তবে পাকিস্তানের দরুকষাকষির ক্ষমতা কেবল দুর্বলই হবে না, বরং পুরোপুরি বিলুপ্ত হয়ে যাবে।

ইসলামাবাদের জন্য এই বাজিটি মোটেও কোনো কাল্পনিক বিষয় নয়। এর সফলতা মানে হলো–রিয়াদ, বেইজিং, তেহরান এবং ওয়াশিংটন যেকোনো পদক্ষেপ নেওয়ার আগে পাকিস্তানের সম্ভাব্য প্রতিক্রিয়া কী হতে পারে তা আগেভাগে হিসাব করবে এবং সেই অনুযায়ী নিজেদের সামলে নেবে। আর ব্যর্থতা মানে হলো ব্রজেজিনস্কির ভাষায়, পাকিস্তান এক পরাশক্তির 'অক্ষ' হওয়ার বদলে অন্য কোনো শক্তির 'অধীন'-এ পরিণত হবে।

চাঁদপুরে ফিজিওথেরাপি ডাক্তার ও ডিপ্লোমা দ্বারা পরিচালিত
সেবা
ব্যথা মুক্ত সুস্থ জীবন....
ফিজিওথেরাপি সেন্টার
(বাত-ব্যথা ও প্যারালাইসিস চিকিৎসা কেন্দ্র)
সেবা সমূহ: ইলেক্ট্রোথেরাপি, ম্যানুপুলেশন থেরাপি, আকুপাংচার, অর্থোসিস ও প্রস্থেসিস, হিজামা চিকিৎসা, ফিজিও জিম
রোগীর থাকার ব্যবস্থা আছে
চাঁদপুর: স্টেডিয়াম রোড, বিপরীত পার্শ্বে, চাঁদপুর।
ফরিদগঞ্জ: বাস স্ট্যান্ড, লিংক রোড (সেন্ট্রাল হসপিটালের পিছনে) ফরিদগঞ্জ, চাঁদপুর।
হাজীগঞ্জ: পশ্চিম বাজার, হাজীগঞ্জ, চাঁদপুর।
রায়পুর: পৌরসভা রোড (এস এ পরিবহন সংলগ্ন) রায়পুর, লক্ষ্মীপুর।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল: ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

| ডাক্তারগণের নাম | বিশেষজ্ঞ | রোগী দেখার সময় |
|---|---|---|
| ডাঃ মুহাম্মদ সালাহ উদ্দিন, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল | নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন, কানের মাইক্রোসার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ | প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা |
| ডাঃ আনোয়ার হোসেন, এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ (বিএসএমএমইউ), সার্টিফাইড ফেলো কার্ডিওলজী, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা। | মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতব্যথা, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ | প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। |
| ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নূর (কাউছার) | নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ক্যান্সার রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন | প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা |
| ডা: মো: সাদ্দাম হোসেন তালুকদার, এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) | মেডিসিন, এ্যাজমা, হাঁপানি, বাতব্যথা, চিকিৎসক ও থোরাসিক সার্জন | প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত |
| ডাঃ আজমিরা বেগম, এমবিবিএস (ঢামেক), বিসিএস(স্বাস্থ্য), এম এস (গাইনী এন্ড অবস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। | স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন | প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত |
| ডা: দ্বীন ইসলাম | নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ | প্রতি রবি: থেকে বুধবার। |

আমাদের বৈশিষ্ট্য সমূহ: অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়। আউটডোরে ২৪ ঘণ্টা একজন এম.বি.বি.এস ডাক্তার অবস্থান। নরমাল ডেলিভারীর ব্যবস্থা। বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা। সার্বক্ষণিক রোগী দেখার ব্যবস্থা। স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধা।
সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

